www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Best Training For WBCS, SSC (CGL, CHSL, MTS), PSC, BANK, RAIL
7427927707
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

BILASPUR UNIVERSITY
বিভিন্ন কলেজে M.A (Geo, Hist, Pol.Sc, Sanskrit) M.Sc (Phy, Math, Chem, Zoology, Botany, Microbiology) কম খরচে ভর্তি চলিতেছে।
M : 7797577702

বর্ষ ৩৮ সংখ্যা ৪৬ কলকাতা শুক্রবার, ১৫ জুন ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩১ জ্যৈষ্ঠ ১৪২৫ দাম ₹৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

## গ্রামীণ ব্যাঙ্কে ৫৭৫৫ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট

দেশের গ্রামীণ ব্যাঙ্কগুলিতে ১০,১৯০ জন অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) নিয়োগের যোগ্যতা নির্ণায়ক অনলাইন পরীক্ষা নেওয়া হবে। চলতি বছরের অগস্ট থেকে অক্টোবর মাসে পরীক্ষাটি নেবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। এই পরীক্ষায় সফল হলে ভারতের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৬টি গ্রামীণ ব্যাঙ্কে গ্রুপ-এ অফিসার (স্কেল ওয়ান, স্কেল টু এবং স্কেল থ্রি) এবং গ্রুপ-বি অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদে নিয়োগ পাওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করা যাবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**অনলাইন দরখাস্ত করা যাবে ২ জুলাই পর্যন্ত**

গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট নিয়োগের যোগ্যতা নির্ণায়ক আই বি পি এস-এর এই পরীক্ষার নাম 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব অফিসার্স (স্কেল ওয়ান, টু অ্যান্ড থ্রি) অ্যান্ড অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ইন রিজিওনাল রুরাল ব্যাঙ্কস।' দেশের গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে

এরপর চোদ্দোর পাতায়

## ট্রেনিং দিয়ে বরোদা ব্যাঙ্কে ৬০০ প্রবেশনারি অফিসার

ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট সার্টিফিকেট কোর্স করিয়ে ৬০০ জন প্রবেশনারি অফিসার নিয়োগ করবে ব্যাঙ্ক অব বরোদা। ৯ মাস মেয়াদের স্নাতকোত্তর সার্টিফিকেট কোর্সটি ব্যাঙ্কের সঙ্গে যৌথ উদ্যোগে করাবে বরোদা মণিপাল স্কুল অব ব্যাঙ্কিং। সফলভাবে কোর্স শেষ করলে নিয়োগ হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল ওয়ানে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**মোট শূন্যপদ:** ৬০০টি (সাধারণ

এরপর তেরোর পাতায়

## রাজ্য ফায়ার সার্ভিসে ১৪৫২ ফায়ার অপারেটর

ফায়ার অপারেটর পদে ১,৪৫২ জন কর্মীকে নিয়োগ করবে রাজ্য সরকার। নিয়োগ হবে ফায়ার অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস দপ্তরে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 15/2018.

**মোট শূন্যপদ:** ১,৪৫২টি (সাধারণ ৭০৭, তফসিলি জাতি ৩০৯, তফসিলি উপজাতি ৯৩, ও বি সি-এ ১৫৭, ও বি সি-বি ৭৪, প্রাক্তন সমরকর্মী ৮০, দক্ষ খেলোয়াড় ৩২)।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটিতে আই টি আই সার্টিফিকেট কোর্স করে থাকলে, কোনও ক্লাব বা ইনস্টিটিউটের সুইমিং সার্টিফিকেট থাকলে এবং কোনও সংস্থায় ফায়ার ফাইটিংয়ে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ৫ ফুট ৬ ইঞ্চি। গোর্খা ও অন্যান্য

এরপর তেরোর পাতায়

## রাজ্যের সরকারি হাসপাতালে ৭২৫ মেডিক্যাল টেকনোলজিস্ট

মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাব) পদে ৭২৫ জন কর্মী নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট হেলথ সার্ভিসে। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

উল্লেখ্য, কর্মক্ষেত্র-র ২৫ মে সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২ মেডিক্যাল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট এবং ফিজিওথেরাপিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম তথ্য জানানো হয়েছিল। এই সংখ্যায় মেডিক্যাল টেকনোলজিস্ট পদে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা-সহ দরখাস্ত করার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/MT/Phar./Physio./48/2/2018.

**শূন্যপদের বিবরণ:** মেডিক্যাল টেকনোলজিস্ট গ্রেড-থ্রি: ল্যাব:

এরপর তেরোর পাতায়

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের দেশ ও বিদেশে চাকরির সুযোগ

বিশ্বায়নের যুগে কোন শিল্পই আজ নির্দিষ্ট গন্ডির মধ্যে সীমাবদ্ধ নেই। দ্রুত গতিতে বাণিজ্য সংস্থাগুলি সমগ্র পৃথিবীতে আজ ছড়িয়ে পড়েছে। তারই দর্পণে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট আজ এক গুরুত্বপূর্ণ পেশা হিসাবে শ্রেষ্ঠ সারিতে উঠে এসেছে। সাধারণ থেকে শুরু করে মেধাবী সব ধরনের ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে ১০০% চাকরির সুযোগ রয়েছে, সরকারি ও বেসরকারী হোটেল, রিসর্ট, এয়ারলাইন্স, রেলওয়ে ক্যাটারিং ডিপার্টমেন্ট, এয়ারপোর্ট, জাহাজ, ক্রুজ লাইন্স, রিসেপশনিস্ট, এয়ার হোস্টেস ইত্যাদি পদে। ২০১৮ সালে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন—৯০০২৪৬৯৬০২ এবং ৭৩৮৪৭৮৩৬২৫ নম্বরে।

visit : www.tiem.co.in

পশ্চিমবঙ্গের সুনামধন্য ম্যানেজমেন্ট কলেজ
TIEM®
100% JOB Guarantee Else Money Back
Govt. Reg. : S/2L/No. 33016
Hotel & Hospitality Management

কোর্স করলেই দেশ বিদেশে নিশ্চিত চাকরির লিখিত গ্যারান্টি
কেন TIEM-এ ভর্তি হবেন ?
❖ ভর্তির সময় Job bond Letter. ❖ Bank Loan-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পর পরিশোধ করার সুবিধা। ❖ Installment এ Course Fees দেওয়ার সুবিধা। ❖ ন্যূনতম Course Fees এবং অফুরন্ত সুযোগ। ❖ Fully AC Campus. ❖ wi-fi connectivity. ❖ Free Separate Hostel facilities for Girls & Boys. ❖ Regular Industry visit. ❖ Concession for SC/ST/OBC/Girls ❖ Books & Uniform Free.
কোর্স করতে করতে Income-এর সুযোগ
Tamluk Campus : Hospital More, Tamluk, Purba Medinipur 9134049034/7548027134
Kolkata Campus : 6, Seal's Garden Lane Kolkata - 700 002 9002469602/9134050664

Matangini Institute of Technology & Management
Govt. Reg. : S/2L/No. 46401 www.mitmeducation.org
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ ছাড়
BCA
HOSPITALITY
HOTEL MANAGEMENT
কোর্স ফি Rs. 2600/- (প্রতিমাসে)

দেশে-বিদেশে নিশ্চিত চাকুরী নচেৎ কোর্স ফি ফেরত
বিশেষ সুবিধা
• ব্যাঙ্ক লোন-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পরে পরিশোধ করার সুবিধা
• Free Hostel for Girls & Boy's
পাঁশকুড়া (আর.এস), পূর্ব মেদিনীপুর
7586053479, 9564784173

## তিন সামরিক বাহিনীতে ৩৮৩

**শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। শুধু ছেলেরা আবেদন করবেন**

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৩৮৩ জন অফিসার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত তরুণরা আবেদন করতে পারেন। মেয়েরা আবেদন করবেন না। ১৪২তম ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি এবং ১০৪তম ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি কোর্সে ট্রেনিং শুরু হবে ২০১৯-এর ২ জুলাই। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল

এরপর পনেরোর পাতায়

## রাজ্য সরকারের বন দপ্তরে ১৮২

পশ্চিমবঙ্গ সরকারের বনদপ্তরে ১৮২ জনকে নিয়োগ করা হবে। ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের মাধ্যমে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর : ১৪/২০১৮।

দুই পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য তারিখ ৫ অগস্ট। প্রিলিমিনারি পরীক্ষা হবে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। দার্জিলিং সদর, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশন এবং কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে

এরপর চোদ্দোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৮ সংখ্যা ৪৬ □ ১৫ জুন ২০১৮

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

**ফোন করলেই নিশ্চিত চাকরি। কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়**

Govt. Regd. L/No.-6630, সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-). সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880, Sara Corporate, ইছাপুর, 24 Pgs (N).

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- –28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে** স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

**SBI ব্যাঙ্কিং ও JIO কাস্টমার** কেয়ারে বাংলা প্রসেসে রাজ্যের বিভিন্ন জেলা থেকে সরাসরি MP-Graduate (18-35) M/F স্পট সিলেকশন চলছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 10,950/- + হোস্টেল + অন্যান্য সুবিধা। IIFA, Kol-28. দমদম (H. O.): 84206-66060 গড়িয়া: 90020-33880 দমদম (উঃ): 99032-23211 বর্ধমান: 98301-88881 শিলিগুড়ি: 98307-71003.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৬ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৯ জুন কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৩ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**পঃ বঙ্গ, উঃ বঙ্গ ছেলেমেয়েদের সুবর্ণ সুযোগ Airport, মেট্রো ও PVT. ব্যাংকে ৭ দিনে স্পট জয়েনিং**

সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্টাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাংকে (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-. বয়স: 18-45. PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। F. G. 183/17G, বেহালা বাসস্ট্যান্ড, M: 77187-18137.

□

**এয়ারপোর্ট ও মেট্রো গভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী জব Govt. Regd.**
**R/L No.: 13794**
**M: 87688-22677**

কোনও ডোনেশন ছাড়া গ্যারান্টি সহকারে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 48,900/-. বয়স: 18-45, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা আছে। B. C, 126/38 Garia St. Rd.

□

**কাস্টমার কেয়ার ও BANKING-এ** Spot নিয়োগ চলছে। জেলাভিত্তিক নিয়োগ। MP-MA, বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-. P.F., ESI, Car, Inc, থাকা ও খাওয়ার সুব্যবস্থা। Nigam Tori, KGP, MDN. বাঁকুড়া, মেদিনীপুর: 84368-61388, কলকাতা, হাওড়া: 98007-80569.

□

**স্টার হোটেলে চাকরি**

লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে 12-15,000/- আয়ে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি। CSMS, রাঙামাটি, মেদিনীপুর টাউন: 96411-03510, বর্ধমান: 83487-97275, হাওড়া: 86974-32044.

□

**পদে SBI Care ও HDFC OFFICIAL** পদে বিনা টার্গেটে, HS + to Higher (18-35) M/F নিয়োগ চলছে। বেতন: 10,600/- – 15,800/- (P.F + ESI), G-Next, হাওড়া/মেদিনীপুর: 90736-50002 & Others: 90736-50001.

□

**হোটেলে চাকরি**

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিক্লেম ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**

৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

**Airtel 4G/ JIO/ Voda কাস্টমার** কেয়ারে বাংলাভাষী M/F জেলাভিত্তিক নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 83348-09246.

□

**Vodafone/ Airtel/ SBI কাস্টমার** কেয়ারে M/F নিয়োগ চলছে। বেতন: INC+OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 98745-28327.

□

**সরাসরি নিয়োগ**

জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোম ও MNC Co.-তে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**

উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T, Rd, Nowa Para, শ্যামনগর।

□

**Bank KYC-তে 26 জন কম্পিউটার অপারেটর**

স্থায়ীপদে অফিসিয়াল Database Operate করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাঙ্ক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, ডানলপ, কোল-১০৮। বারাসাত: 83368-25979, কলকাতা: 83368-25980.

□

**VODA/ JIO/D2H কাস্টমার কেয়ারে** কাস্টমারদের Call রিসিভ করে সঠিক তথ্য প্রদানের জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে M/F সরাসরি নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A, বয়স: 18-38. Sal: 10,800/- – 45,800 + PBA + OT + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, ডায়মন্ড: 90515-85928, দঃ ২৪ পরগনা: 82769-83240, পূঃ মেদিনীপুর: 81011-02499.

□

**পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট** ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- - ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 86979-66868, নর্থ/সাউথ ২৪ পরগনা: 78908-24031. বর্ধমান/ হুগলি: 74494-06185, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463.

□

**ভ্যাকান্সি**
**Govt Reg- No- 861797**
**M: 8145109987**

সরকারি নিয়ম মেনে Airport ও মেট্রো Pvt Bank সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে চাকরি। M/F চাই, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। বেতন: 12,500/- – 45,700/-, OT, PF, ESI প্রমোশন, ছুটির বিশেষ সুবিধা। থাকা ও খাওয়া ফ্রি। বিশদ জানতে সত্বর যোগাযোগ করুন: R. P., G. N. Rd, Nadia, M: 81451-09987.

□

**পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট** ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- - ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. BSPL, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 98366-71086, হুগলি/শ্রীরামপুর: 78908-24031. আসানসোল/ দুর্গাপুর: 74777-93461, বর্ধমান/বাঁকুড়া: 74777-93464.

□

**স্থায়ী চাকরি পশ্চিমবঙ্গে**

সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt BANK, টাওয়ার 4G, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে টার্গেট ছাড়া Direct জয়েনিং। ওয়েবসাইট: www.gcajob.co.in বেতন: 11,200/- – 28,700/-, PF-এর সুবিধা। N. D, Central Avenue, Kol-7. (M): 77184-52562.

□

## কর্মখালি

**DOCTOR Want:- DGO, MD/MS** (G&O) as RMO. Salary- Rs. 80,000/- / 1,00,000/- P/M. Direct Contact: JEEBAN DEEP NURSING HOME & EYE HOSPITAL, ANGRAIL, BONGAON, 24 PGS (N), WB, Ph: 03215232002 (M): 97335-92106.

□

**DIRECT নিয়োগ**

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-, M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□

**Jio/ SBI/ Vodafone কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT-সহ 10,500/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, M: 90075-59111.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**
**Govt. Regd. L/No.: WB 6290**
**M: 8327062290**

সম্পূর্ণ বিনা ডোনেশনে 4-5 দিনের মধ্যে স্পট জয়েনিংয়ের বিশেষ সুবিধা। Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 38,700/-), OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে। S. Corporate, Ichapur, Pin-743144.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 নৈহাটি ও কল্যাণী: 74497-02185 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও ঢাকুরিয়া: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 80174-18654. Need Counseling, ডানলপ-108.

## স্কুল-কলেজ শিক্ষা

**ACHIEVEMENT**

**FOR: WBCS, Bank, SSC, Rail,** Primary etc. নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য। At: বেলঘড়িয়া, শিয়ালদহ, ব্যারাকপুর, বারুইপুর। নতুন শাখা: বারাসাত: 98305-38588 / 85828-04688 / 92316-10947.

□

**NCVT কোর্সে ভর্তি চলছে**

কর্মসংস্থানের সুযোগ পেতে হলে, সরকার স্বীকৃত প্রতিষ্ঠান চণ্ডীপুর উন্নয়ন কেন্দ্র (কুলগাছিয়া, হাওড়া) সরাসরি ভর্তি চলছে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার। 94330-78824, 98744-49706.

□

**নার্সিং ট্রেনি (100% Job)**

**Shree Jain Hospital and Research** Centre (Howrah) A.N.M (BSS Govt. of India Approved) G.N.M, B.Sc., P.B.Sc. (KNC) Admission Open. Mob.: 98832-48370, 75968-74246.

□

**Math & Eng. সোনারপুর Rail** (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**প্যারামেডিকেলে ভর্তি**

যে-কোনও শাখার ১০ + ২ ছাত্রছাত্রীদের সরাসরি ২ বছরের Diploma ল্যাব টেক, OT Tech, Nursing, Physiotherapy, ECG, Optometry, X-Ray, USG, Dialysis কোর্সে ভর্তি শুরু। রেগুলার ক্লাস, Private চাকরি, Blood Bank, Sethi Diagnostic, Kasturi, BMRI-তে Internship. বেহালা, করিমপুর, আমতলা, রানাঘাট, জলঙ্গী, বহরমপুর। Helpline: 98306-62930, 98303-46797, 86974-88882.

□

**150/- টাকা মাসে অংক, G.I, Rail,** WBCS, ক্লার্ক, কম্বাইন্ড 350/- মাসে, পাঠশালা, Kol-31, ঢাকুরিয়া, শিয়ালদহ: 98046-61270.

□

**আজিজুর রহমান কলেজ অফ এডুকেশন**

**Admission for B. Ed/D. Ed Direct** কলেজে Admission নিন। নিউ গড়িয়া, 98746-06164 / 87770-49063.

□

**WBCS CGL BANK Rail মাসিক** ফ্রি। ফ্রী Demo ক্লাস। Weekly টেস্ট স্টাডি ম্যাট। বেলঘরিয়া, শিয়ালদহ, Kol-9, ICON: 94771-20861.

□

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**

**ANM Nursing (2 Years)** ট্রেনিং-এ সরাসরি ভর্তি চলছে। ট্রেনিং-এর শেষে চাকরি। আসন সীমিত। Instalment-সহ অন্যান্য অনেক সুযোগ সুবিধা। Approved by BSS/ NSDC Govt. of India. রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কলেজ, বালিগঞ্জ**

মহিলাদের স্কুলে নিশ্চিত চাকরি পেতে, প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 Year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 74784-30465, 98317-89536.

□

**ভর্তি চলছে WBCS (Plm/Main) 55%** (110) কমন না পেলে টাকা ফেরত। PSC, SSC Others পড়ানো হয়। সোনারপুর, মৃনালস্যার: 90077-36900.

□

**নার্সিং কোর্সে ভর্তি**

INC ও KNC অনুমোদিত B.Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS & NCVT Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736/ 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**প্যারামেডিকেল ও নার্সিং**

DMLT (প্যাথোলজি), DPT (ফিজিওথেরাপি), ECG, ANM ও GNM (নার্সিং), RMP (রুরাল মেডিক্যাল প্রাকটিশনার) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। নার্সিং ট্রেনিং শেষে চাকরি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফর চন্দ্র স্কুলের বিপরীত। 82729-11322 / 90623-62321.

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন।

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# সয়াবিন থেকে দুধ, ছানা, পনির তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



নিজস্ব প্রতিনিধি: সয়াবিন অত্যন্ত পুষ্টিকর এবং উপকারী খাদ্য। এই মেশিনের সাহায্যে কাঁচা সয়াবিনের দানা থেকে দুধ, ছানা ও পনির তৈরি সম্ভব। এক কেজি সয়াবিন থেকে ২৫ লিটার দুধ পাওয়া যাবে। এই মেশিনটি চালাতে হলে ট্রেড লাইসেন্সের সঙ্গে হেলথ সার্টিফিকেটও থাকতে হবে। ইন্ডাস্ট্রিয়াল হেলথ অফিস থেকে এই সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। ব্লক ডেভেলপমেন্ট অফিস বা মিউনিসিপ্যাল অফিস বা আঞ্চলিক হেলথ সেন্টার থেকে এ সম্পর্কিত তথ্য পাবেন।

**কীভাবে করবেন:** উৎকৃষ্টমানের সয়াবিনের দানা পাওয়া যায় মধ্যপ্রদেশের ভূপাল অঞ্চলে। সয়াবিনের দানা থেকে দুধ তৈরি করতে প্রচুর পরিমাণে পরিস্রুত পানীয় জলের প্রয়োজন। ১ কেজি সয়াবিনের দানা থেকে দুধ তৈরি করতে ২৫ লিটার জল লাগবে। মেশিনের হপারে প্রথমে পরিমাণমতো কাঁচা সয়াবিনের দানা দিতে হবে। এরপর মেশিন চালু করলে আপনা থেকেই দুধ তৈরি হয়ে যাবে। দুধ থেকে ছানা ও পনির তৈরির জন্য আলাদা আলাদা অ্যাটাচমেন্ট ব্যবহার করতে হবে। মেশিনটি চালাতে মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০-৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** সয়াবিন থেকে দুধ, ছানা, পনির তৈরির মেশিনটির মোটর সহ দাম পড়বে সাড়ে ৫ লাখ টাকা। স্টোর মেশিন, প্রেসার মেশিন এবং আরও অন্যান্য মেশিন-সহ ছানা ও পনির তৈরির পুরো প্ল্যান্টটি তৈরি করতে খরচ পড়বে ১৩ লাখ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324 22086. E-mail: bharatmachinetools1@rediff mail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *পশ্চিমবঙ্গে ব্যবসা করার লক্ষ্যে তথ্য ও প্রশ্নের দ্রুত উত্তর পাওয়ার জন্য কোথায় যোগাযোগ করা যেতে পারে? —মিতালী ধর, নিউটাউন, কলকাতা।*

□□ আপনি পশ্চিমবঙ্গ সরকারের 'SWAS' (Service with a smile) অ্যাপটি অ্যানড্রয়েড স্মার্টফোনে ডাউনলোড করে নিতে পারেন। আপনার প্রশ্নের উত্তরটি ডেটাবেসে থাকলে এই অ্যাপটির মাধ্যমে সঙ্গে সঙ্গেই আপনার প্রশ্নের উত্তর পাবেন। অন্যথায়, কয়েক দিন সময় নিয়ে উত্তর দেওয়া হবে। এই অ্যাপটি সম্পর্কে বিশদে জানতে পাবেন এই ওয়েবসাইটে: https://startup bengal.in

□ *বাংলা থেকে ইউরোপে আম রপ্তানি হচ্ছে। লিচুও কি রপ্তানি হচ্ছে? বিহারের মুজফফরপুরের লিচু বিদেশে রপ্তানি হয়। আমি পশ্চিমবঙ্গ থেকে আম ও লিচু রপ্তানিতে আগ্রহী। —সুশান্ত সরকার, ব্যান্ডেল, হুগলি।*

□□ এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির (অ্যাপেডা) তথ্য অনুসারে, এবছর পশ্চিমবঙ্গ থেকে ইউরোপের বিভিন্ন দেশে আম রপ্তানির পরিমাণ ১০০ টন ছাড়িয়ে যাওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এবার লিচুর পালা। বাংলা থেকে লিচু রপ্তানি হত। তবে পরিমাণে কম। এবছর বাংলা থেকে লিচুর রপ্তানিও বেড়েছে। আমের দোসর লিচু। ফলে বিদেশের আমদানিকারকরা একই সরবরাহকদের কাছ থেকে দুই ফলেরই জোগান পেতে চাইবেন। সবমিলিয়ে বাংলার আম-লিচুর রপ্তানির সম্ভাবনা এখন যথেষ্ট আশাপ্রদ।

□ *আমি তফসিলি জাতিভুক্ত তরুণ। উচ্চমাধ্যমিক পাশ করলাম এবছর। দরিদ্র পরিবারের ছেলে। কলেজে পড়ব না। খুব কম খরচে হাতের কাজ শিখতে চাই। প্রশিক্ষণের খবর দিলে বাধিত হব। —সন্দীপ মণ্ডল, নলপুর, হাওড়া।*

□□ অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন নিখরচায় স্বনিযুক্তি-সহায়ক হাতের কাজের প্রশিক্ষণ দিচ্ছে। কেন্দ্রীয় সরকারের দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনার আওতায় প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণকেন্দ্রে থাকা, খাওয়া ও প্রশিক্ষণ নেওয়ার জন্য প্রার্থীর কোনও খরচ নেই। হাওড়া ও হুগলি জেলার তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ভর্তির জন্য আপনি এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, ধুলাগড়, সাঁকরাইল, হাওড়া। ফোন: ৯৭৪৮৪-০৭৯০০, ৯৮৩৬৪-৪৭৫৫২।

পশ্চিমবঙ্গ তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম নিখরচায় বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণের আয়োজন করে সময়ে সময়ে। এরকম প্রশিক্ষণের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'য় সে-খবর জানানো হয়। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ব্লক-সি এফ, ২১৭/এ/১, সেক্টর-ওয়ান, সল্টলেক, কলকাতা-৬৪। ফোন: ৪০২৬-১৫০০।

□ *ফল-সবজির ভালো মানের বীজ কিনতে চাই। কোথা থেকে সরবরাহ পাওয়া যেতে পারে? —শৈবাল কর, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ বিভিন্ন সংস্থা ফল-সবজির বীজ সরবরাহ করে থাকে। এখন অনলাইন ব্যবস্থায় দূরবর্তী রাজ্যগুলো থেকেও বীজের সরবরাহ পাওয়া যায়। www.dir.indiamart.com/fruitandvegetableseeds ওয়েবসাইটে বিভিন্ন বীজ প্রস্তুত-কারক ও সরবরাহকের ফোন নম্বর-সহ তালিকা পাবেন। দেখতে পারেন এই ওয়েবসাইটগুলিও: www.panseeds.in, www.indiacom.com/seeds, www.indamseeds.com

□ *সফটি আইসক্রিমের ব্যবসা করতে চাই। মেশিনের দাম কেমন ও কোথায় কিনতে পাওয়া যাবে জানাবেন। —তপন মাইতি, দেউলটি, হাওড়া।*

□□ ফ্রিজ, কম্প্রেসার ও ট্রলি-সহ স্টিলের বডির এক রঙের সফটি তৈরির মেশিনের দাম কমবেশি ১ লক্ষ টাকা, দুই রঙের সফটি তৈরির মেশিনের দাম কমবেশি ২ লক্ষ টাকা। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিন-পত্র বিক্রির দোকানগুলিতে সফটি মেশিন কিনতে পারেন।

BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL

An ISO 9001 : 2008 Certified Institute

(Estd. in 1997)

SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT

ADMISSION OPEN

কোর্স শেষে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরির লিখিত গ্যারান্টি

A Unit of "Sumana Foundation"

AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"

( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)

SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA

বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত

Email: sihm97@gmail.com

Visit Us : www.sihm.co.in

TRAINING & PLACEMENT Only in 5 STAR HOTELS in India & Abroad



100% PLACEMENT TILL DATE

HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)

(Near Central Park, Oppsite of Fish Farm )

For Admission Contact : 9831616989 / 9830852189

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*আমি এমন কাউকে জানি না, যিনি কঠোর পরিশ্রম ছাড়া সাফল্য করায়ত্ত করতে পেরেছেন। সাফল্য পাওয়ার মূলমন্ত্র ওইটিই, কঠোর পরিশ্রম।*
*— মার্গারেট থ্যাচার*
*(লৌহমানবী নামে খ্যাত প্রাক্তন ব্রিটিশ প্রধানমন্ত্রী)*

***✓ উচ্চমাধ্যমিক পাশ। টাইপিং জানি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। চাকরির খবর দেবেন।***
*পার্থ দাশগুপ্ত, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□ উচ্চমাধ্যমিক যোগ্যতার বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে পারবেন। কয়েকটি চাকরির ক্ষেত্রে টাইপিংয়ের জ্ঞান কাজে লাগবে। চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য নিয়মিত পড়াশোনা করুন।

***এখনই আবেদন করতে পারেন:*** কলকাতা সিটি সেশনস কোর্ট কিছু লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট নেবে। আবেদন করতে পারেন। টাইপিং জানা থাকায় অগ্রাধিকার পাবেন। 'কর্মক্ষেত্র'-র ৮ জুন সংখ্যায় 'কলকাতা সিটি সেশনস কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট ও গ্রুপ ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটি থেকে: www.ecourts.gov.in/citysessonscourtcalcutta, www.calcuttahighcourt.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ ২৯ জুনের মধ্যে দরখাস্ত পৌঁছনো চাই এই ঠিকানায়: The Chief Judge, City Sessions Court, Calcutta-cum-Chairman, District Recruitment Committee, City Sessions Division, Calcutta, 2 & 3, Bankshall Street, Bichar Bhawan, Kolkata – 700 001. খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত দুই ওয়েবসাইট।

কলকাতা সিটি সেশনস কোর্ট কিছু লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট নেবে। আবেদন করতে পারেন। টাইপিং জানা থাকায় অগ্রাধিকার পাবেন। 'কর্মক্ষেত্র'-র ৮ জুন সংখ্যায় 'কলকাতা সিটি সেশনস কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট ও গ্রুপ ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক নেওয়া হয় স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার মাধ্যমে। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। রেলে ক্লার্ক ও ক্লার্ক-কাম-টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন।

***✓ আমি একজন পাশ গ্র্যাজুয়েট। বয়স ৩০ বছর। এফ এম সি জি বিপণনের চাকরি করি। 'কর্মক্ষেত্র'-য় 'জীবনবিমায় কেরিয়ার এজেন্ট' সংবাদটি দেখে দরখাস্ত করার সিদ্ধান্ত নিয়েছি। আমি কখনও ফিনান্সিয়াল প্রোডাক্ট বিপণনের কাজ করিনি। সেক্ষেত্রে আমি কাজটি পারব কিনা, আমার এ পর্যন্ত বিপণনের অভিজ্ঞতা কাজে দেবে কিনা এবং উপার্জনের সম্ভাবনা সম্পর্কে জানার জন্য এই চিঠি পাঠালাম। উত্তর দিলে বাধিত হব।***
*নাম প্রকাশে অনিচ্ছুক, বেলেঘাটা, কলকাতা।*

□ এফ এম সি জি পণ্য বিপণনের ক্ষেত্রে আপনাকে ডিলার বা ডিস্ট্রিবিউটারদের সঙ্গে যোগাযোগ রেখে পণ্যের বিপণন করতে হয়, নতুন ডিস্ট্রিবিউটার নির্দিষ্ট করতে হয়, ঘুরে ঘুরে কাজ করতে হয়। কেরিয়ার এজেন্টের কাজ করলে পণ্যগুলো বদলে যাবে, বিপণনের প্রক্রিয়ায় কিছু বদল ঘটবে। কিন্তু বিপণনের সাধারণ শর্তগুলো একই থাকবে। ঘুরে ঘুরে কাজ করার যে অভ্যাস আপনার তৈরি হয়েছে, তা বিমা-পণ্য বিপণনের ক্ষেত্রেও কাজে লাগবে। যোগাযোগের দক্ষতা সহায়ক হবে। উপার্জনের সম্ভাবনা প্রসঙ্গে মনে রাখতে হবে, জীবনবিমার কেরিয়ার এজেন্টের পেশা কোনও চাকরি নয়। বরং এই পেশাকে নিজের ব্যবসা হিসেবে ভাবাই ভালো। সুবিধা হল, সেই ব্যবসার অগ্রগতির জন্য আপনি জীবনবিমার মতো একটি বৃহৎ রাষ্ট্রায়ত্ত সংস্থার সহায়তা পাবেন। নানা পর্যায়ে থাকবে প্রশিক্ষণের ব্যবস্থা। জীবনবিমার পক্ষ থেকে একজন কেরিয়ার এজেন্টের উপার্জন প্রসঙ্গে বলা হয়, আয়ের উর্ধ্বসীমা বলে কিছু নেই। আপনি যত কাজ করবেন, তত উপার্জন। ব্যবসার ওপর প্রাপ্ত কমিশন থেকে উপার্জন হয়। অনেক অভিজ্ঞ কেরিয়ার এজেন্ট মাসে লক্ষাধিক টাকা উপার্জন করে থাকেন। আপনার উদ্যোগের ওপর নির্ভর করবে আপনার উপার্জনের পরিমাণ। সেদিক থেকে এই পেশাকে আর্থিক ক্ষেত্রের একটি চ্যালেঞ্জিং পেশা বলা চলে।

আরও তথ্য ও প্রয়োজনীয় পরামর্শের জন্য হিন্দুস্থান বিল্ডিংয়ের (অ্যানেক্স) কেরিয়ার এজেন্টস ব্রাঞ্চের ম্যানেজার সন্দীপ ব্যানার্জি বা অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ ম্যানেজার সোমনাথ চৌধুরির সঙ্গে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের ঠিকানা: কেরিয়ার এজেন্টস ব্রাঞ্চ, হিন্দুস্থান বিল্ডিং (অ্যানেক্স), ৪, চিত্তরঞ্জন অ্যাভেনিউ, কলকাতা-৭০০ ০৭২। ফোন: ২২১২-৪৫৮০।

***✓ আমি গ্রামের অত্যন্ত দরিদ্র পরিবারের তফসিলি জাতিভুক্ত তরুণ। ক্লাস এইটের পরে আর পড়াশোনা করতে পারিনি। একটি ইলেক্ট্রিক্যাল সরঞ্জাম মেরামতির দোকানে হেল্পারের কাজ করে সামান্য টাকা পাই। আর ভরসা ১০০ দিনের কাজ। ইলেক্ট্রিকের কাজ করতে ভালো লাগে। ভালো কোনও জায়গায় কাজটা শিখতে পারলে ভবিষ্যতে ইলেক্ট্রিশিয়ানের কাজ করতে পারতাম। খুব কম খরচে শেখার ব্যবস্থা হতে পারে কি?***
*কমল কীর্তনীয়া, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□ আপনি কোনও খরচ ছাড়াই অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিশিয়ানের সরকারি প্রশিক্ষণ নিতে পারেন। পশ্চিমবঙ্গ তফসিলি জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম এই প্রশিক্ষণের ব্যবস্থা করেছে উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা ও পুরুলিয়ার তফসিলি তরুণদের জন্য। পরিবারের বার্ষিক আয় ৯৮ হাজার টাকার মধ্যে থাকলে তবেই এই প্রশিক্ষণ নেওয়া যাবে। বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ৩ মাসের প্রশিক্ষণ আয়োজিত হবে আপনার জেলাতেই। প্রশিক্ষণের জন্য এখনই দরখাস্ত করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: http://wbscstcorp.in ২৭ জুনের মধ্যে দরখাস্ত করতে হবে। তথ্যের প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৪৬০১-৪৭৩০, ৯৮৩০৫-৯৯৭০৯।

আপনি কোনও খরচ ছাড়াই অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিশিয়ানের সরকারি প্রশিক্ষণ নিতে পারেন। পশ্চিমবঙ্গ তফসিলি জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম এই প্রশিক্ষণের ব্যবস্থা করেছে উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা ও পুরুলিয়ার তফসিলি তরুণদের জন্য। পরিবারের বার্ষিক আয় ৯৮ হাজার টাকার মধ্যে থাকলে তবেই এই প্রশিক্ষণ নেওয়া যাবে। বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ৩ মাসের প্রশিক্ষণ আয়োজিত হবে আপনার জেলাতেই।

## এই প্রজন্মের ছেলেমেয়েরা নতুন করে ভাবছে, এটা খুবই ইতিবাচক দিক



এম এন মাইতি
ডিরেক্টর, এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট
ডেপুটি সেক্রেটারি, বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ

একটা কথা শুরুতেই বলে নেওয়া যেতে পারে, সেটা হল, গত এক-দেড় দশকের তুলনায় বর্তমান সময়ে পেশাদারি কাজের অনেক রকমফের ঘটেছে। ফলে বর্তমান সময়ের চাকরিপ্রার্থীদের বলব, চাকরির বাজারের চালচিত্রটাকে লক্ষ করে দেখুন। দেখবেন, আপনার জন্যও কাজ আছে। এই যে গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স (জি এস টি) চালু হল, তার আইনকানুনগুলো ভালো করে জানা থাকলে এখন আর কাজের অভাব হবে না। আগামী দিনগুলোতে এ ক্ষেত্রে দেশজুড়ে লক্ষাধিক পেশাদারের দরকার হবে। বাণিজ্য শাখায় যাঁরা পড়াশোনা করছেন, তাঁরা জি এস টি-সংক্রান্ত প্রশিক্ষণ নিয়ে নিলে অবশ্যই উপকৃত হবেন। লক্ষ করে দেখবেন, কাজের পদ্ধতিগুলোও বদলে যাচ্ছে। সাধারণ সেলসের পেশার কথাই ধরুন না। একটি উচ্চমাধ্যমিক পাশ ছেলে বা মেয়েও এ পেশায় আসতে পারেন। শিক্ষাগত যোগ্যতার থেকেও এখন জোর দেওয়া হবে তাঁর কিছু সফট স্কিলের ওপর। তাঁর আচার-ব্যবহার, কাজ চালানোর মতো ইংরেজি, হিন্দি বা অন্য কোনও দেশীয় ভাষায় কথা বলতে পারা, কম্পিউটার ব্যবহার করতে পারার মতো গুণগুলো এই সেলসের পেশায় বিশেষ চাহিদা হয়ে উঠেছে। এ ক্ষেত্রেও প্রয়োজনীয় দক্ষতা থাকলে চাকরির অভাব হবে না। রিটেল সেক্টরে স্বল্পশিক্ষিত, উচ্চশিক্ষিত, সকলেরই চাকরি আছে। তবে কাজের ধরনগুলো জানা থাকতে হবে। এই রিটেল ইন্ডাস্ট্রিতেও আগামী পাঁচ বছরে লক্ষাধিক প্রশিক্ষিত লোকের দরকার হবে।

মাধ্যমিকের পরে উচ্চশিক্ষা নিতে পারছেন না? অথচ উপার্জনের প্রয়োজন রয়েছে। নামী সংস্থা থেকে ওয়েল্ডিং-এর একটা কোর্স করে নিন না। চারদিকে এখন নানারকমের নির্মাণের কাজ চলছে। ভবিষ্যতেও চলবে। ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, প্লাম্বারের দরকার হবে প্রচুর সংখ্যায়। অভিজ্ঞদের চাহিদা রয়েছে বিদেশেও। বড় হোটেল, রেস্তোরাঁয় অতিথি আপ্যায়ন, খাদ্য-পানীয় সরবরাহ এবং ব্যাক অফিসের নানা কাজের জন্য প্রচুর লোকের দরকার হয়। প্রশিক্ষণ থাকলে চাকরি হবে।

এবার উচ্চশিক্ষিতদের কথায় আসা যাক। ধরা যাক, ইংরেজি বা বাংলা বা ইতিহাসের মতো বিষয়ের গ্র্যাজুয়েট বা পোস্ট-গ্র্যাজুয়েট আপনি। আপনি করতে পারেন এমন কাজগুলো কী? বি এডের মতো প্রশিক্ষণ নিয়ে স্কুলে শিক্ষকতা করতে পারেন, সরকারি চাকরির জন্য প্রস্তুতি নিতে পারেন, ব্যাঙ্ক-বিমার চাকরি করতে পারেন। এই পথগুলো আমাদের কাছে খুবই পরিচিত পথ। অন্য কিছু পথও খোলা রয়েছে। যেমন, বিজ্ঞাপন সংস্থায় চাকরি, বিভিন্ন ওয়েবসাইটের কনটেন্ট রাইটারের চাকরি, অনুবাদের চাকরি, রিটেল ইন্ডাস্ট্রির চাকরি, এম বি এ করার পরে ম্যানেজমেন্ট ক্যাডারের চাকরি, বিদেশি ভাষা শিখে ট্র্যাভেল-ট্যুরিজম সংস্থায় চাকরি।

নতুন প্রজন্মের অনেক ছেলেমেয়ে ব্যবসার মাধ্যমে নিজের পায়ে দাঁড়ানোর কথা ভাবছেন। এটা একটা ভালো প্রবণতা। ব্যবসার কথা ভাবলেই আমাদের প্রথমেই পুঁজির সমস্যার কথা মাথায় আসে। অর্থকরী পুঁজিই কিন্তু ব্যবসার একমাত্র উপাদান নয়। আপনার জ্ঞান, বুদ্ধি, সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা, বাজার সম্পর্কে পরিষ্কার ধারণা— এগুলোও ব্যবসা গড়ার জন্য জরুরি উপাদান। এবারের উচ্চমাধ্যমিক পরীক্ষায় নবম স্থান অধিকার করেছে নিশা যাদব নামের একটি মেয়ে। টালিগঞ্জের অন্ধ অ্যাসোসিয়েশন হাইস্কুলের ছাত্রীটি ভবিষ্যতে ব্যবসা করতে চায় বলে খবরের কাগজে পড়লাম। ভালো লাগল। এই প্রজন্মের ছেলেমেয়েরা অন্যভাবে ভাবতে শুরু করেছে, এটা আমরা দেখতে পাচ্ছি আমাদের প্রতিষ্ঠানের তরফ থেকে। শেষে বলব, আপনাদের যৌবনের শক্তি অপার। সেই শক্তি, উদ্দীপনাকে কাজে লাগিয়ে কাজের জগতে ঝাঁপিয়ে পড়ার জন্য প্রস্তুত হোন।

***✓ ৫৭ শতাংশ নম্বর-সহ বি কম পাশ করার পরে একটি বেসরকারি সংস্থায় অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্ট্যান্টের চাকরি করছি ৪ বছর যাবৎ। বয়স ২৬ বছর। কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করেছি। কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং জানি। সরকারি চাকরি করতে চাই। অ্যাকাউন্টিং ছাড়া অন্যান্য চাকরির কথাও জানাবেন।***
*অসীম দেবনাথ, দমদম পার্ক, কলকাতা।*

□ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। অ্যাকাউন্টিংয়ের কাজে অভিজ্ঞতা রয়েছে বলে এ ধরনের চাকরিতে বিশেষ জোর দিতে পারেন।

***এখনই আবেদন করতে পারেন:*** ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া কিছু জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট নেবে। আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৮ জুন সংখ্যায় 'ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ইঞ্জিনিয়ার ও জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। ২০ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com

***পরে আবেদন করতে পারবেন:*** রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলের জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট বা কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদের পরীক্ষার জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্ট্যান্ট এবং জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও নানা চাকরি।

### কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনে জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এগ্রিকালচারের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে ফ্যাকাল্টি সেন্টার অব ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট সেন্টার। এটি রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের অধীনস্থ শিক্ষাকেন্দ্র। কোর্সটি পড়ানো হবে নরেন্দ্রপুর ক্যাম্পাসে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি।

সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে শিক্ষাগত যোগ্যতার নম্বরে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ২৫ জুন, সকাল সাড়ে ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউ নেওয়া হবে ওই দিনই দুপুর ১টা থেকে।

আবেদন করবেন নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.rkmvu.ac.in ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৩০০ টাকা। ড্রাফটটি 'RKM Vivekananda University, Narendrapur'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। এছাড়া নগদ ২৫০ টাকার বিনিময়েও আবেদনপত্র সরাসরি সংগ্রহ করতে পারেন বেলুড়ে বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অফিস (বেলুড় মঠের প্রধান প্রবেশদ্বারের বাইরে) থেকে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓ডিমান্ড ড্রাফট (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার ওপর সই করে দেবেন। অন্য ফটোটি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓শেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত কনডাক্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের (থাকলে) প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র-ভরা খামের ওপর যে কোর্সের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। ২২ জুনের মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Dean, IRDM Faculty Centre, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute, Ramakrishna Mission Ashrama, Narendrapur, Kolkata-700 103. এছাড়াও নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র সরাসরি প্রতিষ্ঠানে গিয়েও জমা দিতে পারেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩)২৪৭৭-২০২০, (০৩৩)২৯৭১-১৬২৪।

# বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি



কৃষি বিষয়ক তিনটি স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার এবং এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের মোহনপুর, বর্ধমান এবং বাঁকুড়া ক্যাম্পাসে। দক্ষ খেলোয়াড়রা আবেদন করতে পারেন শুধুমাত্র এগ্রিকালচারের স্নাতক কোর্সের ক্ষেত্রে। এই কোর্সগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: Admission/UG/Ag-I (Part-II)/L-292.

**বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার:** ক্যাম্পাস অনুসারে আসনসংখ্যা: মোহনপুর ১১১টি। বর্ধমান ৩২টি। শুশুনিয়া, বাঁকুড়া ৩২টি। **বি এসসি (অনার্স) ইন হর্টিকালচার:** মোহনপুর ৩২টি। **বি টেক (অনার্স) ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং:** মোহনপুর ২৭টি।

**শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার ও হর্টিকালচারের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। চারটি বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ভোকেশনাল শাখার ক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে বায়োলজি ও ইংরেজি, ঐচ্ছিক বিষয় হিসেবে ফিজিক্স বা কেমিস্ট্রি এবং কাল্টিভেশন অব ফ্রুটস অ্যান্ড ভেজিটেবল, হর্টিকালচার, ক্রপ ম্যানেজমেন্ট, প্লান্ট ম্যানেজমেন্টের মধ্যে যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে। পাঁচটি বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বৈধ র‍্যাঙ্ক করে থাকতে হবে।

**বয়স:** ৩১-৮-২০১৭ তারিখে অন্তত ১৬ বছরের হতে হবে।

দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে ন্যূনতম জেলা স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: ব্যাডমিন্টন, ক্রিকেট, ফুটবল ও ভলিবল।

সব ক্ষেত্রেই প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং দক্ষ খেলোয়াড়দের জন্য আসন সংরক্ষিত হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bckv.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৭ জুন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ব্যবস্থাতেই। অনলাইনে ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা রুপে বা ডেবিট কার্ডের মাধ্যমে। অফলাইনে চালানের মাধ্যমে ফি দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি জমা দিলে ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট বা রসিদ নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনের সময় অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অনলাইন আবেদন-সংক্রান্ত কোনও প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৮০১৩৯৩৫১৪২/ ৮৩৩৪৯৪৬৮৪৫।

### অনলাইনে আবেদনের সময় আপলোড করবেন

✓প্রার্থীর জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (৩.৫×৪.৫ সেমি, ১০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩.৫×১.৫ সেমি, ৫ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে)।

✓জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সেল ডাইমেনশন, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

✓জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সেল ডাইমেনশন, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

✓প্রযোজ্য ক্ষেত্রে জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সেল ডাইমেনশন, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সেল ডাইমেনশনে, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

আরও কী পড়বেন, কোথায় পড়বেন — পৃঃ ১৩

পশ্চিমবঙ্গ সরকার
যুব কল্যাণ দপ্তর
VOCATIONAL TRAINING INSTITUTE
UNDER STATE YOUTH CENTRE, MOULALI
YOUTH SERVICE DEPT. Govt. of West Bengal &
WB URBAN ACADEMY–একটি যৌথ উদ্যোগ
মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আবেদন গ্রাহ্য হবে

ADVANCE DIPLOMA/DIPLOMA

| COURSE | DURATION | AMOUNT |
|---|---|---|
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- |

CERTIFICATE

| COURSE | DURATION | AMOUNT |
|---|---|---|
| TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| ANCHORING | 6 Months | 2,100/- |
| ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

**MOULALI :**
New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row), IMA Building
Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards
Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus
Stop Taltala. Ph. : 9874126490 / 9433153569 / 9874126490

**DURGAPUR :**
2nd Administrative Building, City Centre,
Ph. : 0343 2544432 / 9830275795

**HOWRAH :**
158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema)
Near UCO Bank, Hazra Building, Howrah - 711101
Ph.: 9230704344/9143163495/9433045288

**SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE**
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane
Connector (Near Hdfc/bandu Tirtha Club) Kol-78, Ph. : 8240425239

ভর্তি চলিতেছে | ভর্তি চলিতেছে

কল্যাণী কবিতা কুটির
Govt. Reg. No- W.B/IV/190302563/18
কল্যাণী মেইন স্টেশন থেকে এক মিনিটের হাঁটা পথ।
সর্বশ্রেষ্ঠ এবং প্রাচীনতম ঐতিহ্যবাহী সরকারি চাকরির প্রশিক্ষণ কেন্দ্র
✤ W.B.C.S, IAS, IPS.
✤ Rail, Police, Panchyat School Service.
✤ কেন্দ্রীয় আর্ট বাহিনী, W.B Group "D", CGL.
✤ Lady Constable, Combined Exam.
School Service সহ সকল পরিক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের Mock Interview করানো হয়।
এখানে ম্যাজিস্ট্রেট ও অভিজ্ঞ অধ্যাপকগণ শিক্ষাদান করেন
তত্ত্বাবধানে : দেবব্রত বিশ্বাস W.B.C.S (Exe) Rtd.
ভর্তি চলছে
8145521891 / 9434514808 / 9332250665

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউপি এস সি

□ *ইউ পি এস সি আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন' বিষয়ে বিশদে জানতে চাই। কোন কোন ইঞ্জিনিয়ারিং শাখায় নিয়োগ করা হয়ে থাকে? — বিপ্লব মুখার্জি, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা।*

□□ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন'-এর মাধ্যমে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি ইঞ্জিনিয়ারদের নিয়োগ করা হয়ে থাকে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিগ্রিধারীরা এই পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এ ছাড়া ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর সেকশন 'এ', 'বি' পাশ অথবা ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ করে থাকলেও আবেদন করা যাবে। অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বারশিপ এক্সামিনেশন (পার্ট-টু, পার্ট-থ্রি অথবা সেকশন 'এ', 'বি') পাশ হতে হবে। বয়স হতে হবে নির্দিষ্ট তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হয় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা), পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। স্টেজ টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। অর্থাৎ লিখিত পরীক্ষার মোট নম্বর ১,১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তৃতীয় পর্যায়ে পার্সোনালিটি টেস্ট হবে ২০০ নম্বরের। ওয়েবসাইট: www.upsc.gov.in

## নেট/সেট

□ *ইউ জি সি 'নেট' পরীক্ষার ধরনধারণ বিষয়ে বিশদে জানতে চাই। এই পরীক্ষাটি কবে নাগাদ হয়ে থাকে? —পার্থ মণ্ডল, দাদপুর, হুগলি।*

□□সি বি এস ই আয়োজিত ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'নেট' (ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট) বছরে সাধারণত দু'বার হয়ে থাকে— জুলাই ও ডিসেম্বরে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র থাকে। নেট পরীক্ষায় তিনটি পেপারের পরীক্ষা হয়ে থাকে আলাদা আলাদা সেশনে, একই দিনে। তিনটি পেপারেই প্রশ্ন হয় অবজেক্টিভ টাইপ। পেপার-ওয়ানে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়ারনেস-এর দক্ষতা যাচাই করা হয়ে থাকে। ৬০টি মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। এর মধ্যে ৫০টির উত্তর করতে হবে। প্রতিটি প্রশ্নে ২ করে নম্বর থাকবে। অর্থাৎ পেপার ওয়ানের মোট নম্বর ১০০। পরীক্ষার সময়সীমা সকাল ৯টা ৩০ মিনিট থেকে ১০টা ৪৫ মিনিট পর্যন্ত। পেপার-টু-এর প্রশ্ন হয় সংশ্লিষ্ট বিষয় থেকে। ৫০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার-টু-এর মোট নম্বর ১০০। পরীক্ষার সময়সীমা সকাল ১১টা ১৫ মিনিট থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। পেপার-থ্রি-র পরীক্ষাতেও প্রশ্ন হয় সংশ্লিষ্ট বিষয় থেকে। ৭৫টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার থ্রি-র মোট নম্বর ১৫০। পরীক্ষার সময়সীমা দুপুর ২টো থেকে বিকেল সাড়ে ৪টে পর্যন্ত। ওয়েবসাইট: www.cbsenet.nic.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এস-এর মাধ্যমে স্পেশ্যালিস্ট অফিসার পদের যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষার ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় কী কী বিষয়ে প্রশ্ন হয়? —শিবাজি গুহ, কালিয়াচক, মালদা।*

□□আই বি পি এস-এর মাধ্যমে স্পেশ্যালিস্ট অফিসার পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পারটিসিপেটিং অর্গানাইজেশনস'-এর ক্ষেত্রে অনলাইন পরীক্ষা হয় ১২৫ নম্বরের। সময়সীমা ২ ঘণ্টা। সব পদের ক্ষেত্রেই থাকবে থাকবে রিজনিং (৫০ নম্বর) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর)। ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে জেনারেল অ্যাওয়ারনেস (৫০ নম্বর) এবং অন্যান্য পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (৫০ নম্বর) প্রশ্ন। জেনারেল অ্যাওয়ারনেসের প্রশ্নে বিশেষ প্রাধান্য প্রায় ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি-সংক্রান্ত প্রশ্ন। সবক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ibps.in

## কোর্স, ট্রেনিং

□ *ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজিতে টেক্সটাইল প্রসেসিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। এই কোর্স সম্পর্কে বিস্তারিত জানাবেন। —রাহুল বোস, চাঁদুড়িয়া, নদিয়া।*

□□ টেক্সটাইল প্রসেসিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি। কোর্সটি করানো হবে বেনারস (উত্তরপ্রদেশ) এবং সালেমে (তামিলনাড়ু)। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্স শুরু হবে জুলাই থেকে। শিক্ষাগত যোগ্যতা: হ্যান্ডলুম টেকনোলজি, হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল কেমিস্ট্রি, টেক্সটাইল প্রসেসিং— যে-কোনও একটি বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা যে-কোনও সায়েন্স শাখায় গ্র্যাজুয়েট অথবা হোম সায়েন্সে বি এসসি। সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ নির্দিষ্ট মাসিক ১,৫০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা ও কাউন্সেলিংয়ের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.handlooms.nic.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২০ জুনের মধ্যে পাঠাতে উল্লিখিত দু'টি কেন্দ্রের যে-কোনও ঠিকানায়। বেনারসের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Chowkaghat, Varanasi-221 002 (U.P.). সালেমের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Foulkes Compound, Thillai Nagar, Salem-636 001 (Tamilnadu).

□ *কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্স পড়তে চাই। বিস্তারিত জানাবেন। —প্রীতি দাস, অর্জুননগর, পূর্ব মেদিনীপুর।*

□□ মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগ। কোর্স শুরু হবে জুলাইয়ে। আসনসংখ্যা ৪০। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সঙ্গে জেম্যাট বা ক্যাট বা ম্যাট বা সিম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। ১৫ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি জমা দেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.online sbi.com

## অন্যান্য চাকরি

□ *রাষ্ট্রায়ত্ত সংস্থা মেকন লিমিটেডে টেলিকম শাখায় অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে দরখাস্ত করতে চাই। কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —কৌশিক নিয়োগী, খয়রাশোল, বীরভূম।*

□□ মেকন লিমিটেডে টেলিকম শাখায় অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমা। সেই সঙ্গে ও এফ সি লেয়িং এবং কনস্ট্রাকশন বা টেলিকম ইন্ডাস্ট্রিতে ১ বছরের (ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩ বছরের) অভিজ্ঞতা থাকতে হবে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.mecon limited.co.in

□ *নৌবাহিনীতে 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' এন্ট্রিতে নাবিক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দিলীপ সাহা, ভীমপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ নৌবাহিনীতে 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' এন্ট্রিতে নাবিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। খেলাধুলা ও সাঁতারে আগ্রহ থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/১২ থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষা নেওয়া হতে পারে অগস্টে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় ইংরেজি, বিজ্ঞান, অঙ্ক এবং সাধারণ জ্ঞানের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় কনস্ট্রাকশন শাখায় ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সৈকত মাম্না, ভদ্রপুর, বীরভূম।*

□□ ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় কনস্ট্রাকশন শাখায় ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। এর পাশাপাশি ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে ডিগ্রি বা ডিপ্লোমা, ডিগ্রি বা ডিপ্লোমা স্তরে অন্যতম বিষয় হিসেবে কনস্ট্রাকশন সেফটি পড়ে থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ দিল্লিতে। ২০ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com

□ *কলকাতা সিটি সেশনস কোর্টে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —কাকলী চ্যাটার্জি, উত্তর ২৪ পরগনা।*

□□কলকাতা সিটি সেশনস কোর্টে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে স্কিল টেস্ট, লিখিত পরীক্ষা ও টাইপ টেস্টের মাধ্যমে। এরপর হবে কম্পিউটার অপারেশন এবং পার্সোনালিটি টেস্ট। স্কিল টেস্টে ইংরেজি শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। ওয়েবসাইট: www.ecourts.gov.in/citysessionscourtcalcutta

## বিবিধ

□ *রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে ৫৫ শতাংশ নম্বর-সহ বাংলায় এম এ করেছি। স্পেশ্যাল পেপার ছিল রবীন্দ্র সাহিত্য। আমি কি পুনরায় বাংলাতে এম এ করতে পারব? —স্বাতী রায়, আনন্দপুর, কলকাতা।*

□□হ্যাঁ, পারেন। তবে প্রথমবার যে স্পেশ্যাল পেপার নিয়ে এম এ করেছেন, দ্বিতীয়বার সেই একই বিষয়ে এম এ করতে পারবেন না। অন্য কোনও বিষয় নিতে হবে। অর্থাৎ এ বার আপনি আর রবীন্দ্র সাহিত্য নিতে পারবেন না। কথাসাহিত্য, নাট্য সাহিত্য, মধ্যযুগীয় সাহিত্য, ভাষাতত্ত্ব অথবা অন্য কোনও বিষয় নির্বাচন করতে হবে।

নাম : ..........................................
ঠিকানা : ..........................................
..........................................
..........................................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## শিক্ষক পদ পূরণ না করলে মিলবে না 'রুসা'র টাকা, বিপাকে বিশ্ববিদ্যালয়গুলি

কেন্দ্রীয় নির্দেশিকায় বিপাকে রাজ্যের বহু বিশ্ববিদ্যালয়। সংবাদপত্রে প্রকাশ, গত ২৫ মে দিল্লিতে রাষ্ট্রীয় উচ্চতর শিক্ষা অভিযান বা 'রুসা'-র প্রজেক্ট অ্যাপ্রুভাল বোর্ডের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, অবিলম্বে কেন্দ্র নির্দেশিত শিক্ষক পদ পূরণ করতে হবে, অন্যথায় এই প্রকল্পের আওতাভুক্ত বিশ্ববিদ্যালয়গুলিকে বার্ষিক অর্থসাহায্য করা হবে না। এই তালিকার মধ্যে আছে যাদবপুর, প্রেসিডেন্সি ও কল্যাণী বিশ্ববিদ্যালয়। রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলি এমনিতেই অর্থ সঙ্কটে চলে। তার ওপরে রুসার টাকা বন্ধ হয়ে গেলে নানা সমস্যায় পড়তে হবে। যাদবপুর-সহ দেশের সেরা দশ রাজ্য বিশ্ববিদ্যালয়কে ১০০ কোটি করে মোট এক হাজার কোটি টাকা সাহায্য করার কথা আগেই ঘোষণা করেছিল কেন্দ্র।

**যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ৮০৪টি অনুমোদিত শিক্ষকপদের মধ্যে ৬৫ শতাংশ পদে শিক্ষক আছেন। প্রেসিডেন্সি ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে শর্ত দেওয়া হয়েছে, অনুমোদিত পদের অন্তত ৬৭ শতাংশ শিক্ষক না থাকলে রুসার টাকা দেওয়া হবে না। প্রেসিডেন্সিতে অনুমোদিত শিক্ষকপদ ৩১৩। এখন আছেন ১৭০ জন, শতাংশের বিচারে ৫৪.০৭ শতাংশ। কল্যাণীর ৩০৩টি অনুমোদিত শিক্ষক পদের মধ্যে ৫৯.৪১ শতাংশ পদে স্থায়ী শিক্ষক আছেন।**

রুসার মাধ্যমে দফায় দফায় সেই টাকা পাবে প্রতিষ্ঠানগুলি। কিন্তু এ ক্ষেত্রে শর্ত, ৭০ শতাংশ শিক্ষকপদ পূরণ না হলে এই টাকা দেওয়া হবে না। সংবাদপত্রে তথ্য দেওয়া হয়েছে, এই মুহূর্তে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ৮০৪টি অনুমোদিত শিক্ষকপদের মধ্যে ৬৫ শতাংশ পদে শিক্ষক আছেন। প্রেসিডেন্সি ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে শর্ত দেওয়া হয়েছে, অনুমোদিত পদের অন্তত ৬৭ শতাংশ শিক্ষক না থাকলে রুসার টাকা দেওয়া হবে না। প্রেসিডেন্সিতে অনুমোদিত শিক্ষক পদ ৩১৩। এখন আছেন ১৭০ জন (৫৪.০৭ শতাংশ)। কল্যাণীর ৩০৩টি অনুমোদিত শিক্ষকপদের মধ্যে ৫৯.৪১ শতাংশ পদে স্থায়ী শিক্ষক আছেন। আপাতত এই সমস্যা এই তিনটি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে হলেও অচিরেই এই নির্দেশিকা বলবৎ করা হবে অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলির ক্ষেত্রে। সে ক্ষেত্রে বিপাকে পড়বে কলকাতা, বিদ্যাসাগরের মতো বিশ্ববিদ্যালয়গুলিও। কলকাতা বিশ্ববিদ্যালয়ের সব বিভাগ মিলিয়ে ৭৯৫টি পদের মধ্যে ৩৯২টিই শূন্য। ৬৮টি শিক্ষকপদে পদোন্নতি বাকি। এর মধ্যে ৭৩ জন অতিথি শিক্ষক আছেন, যাঁদের ৬২ বছর বয়সের পরে আর শিক্ষকতায় রাখা যাবে না বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আবার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে ২৫টির মধ্যে ১৬টি, রাষ্ট্রবিজ্ঞানে ১৯টির মধ্যে ১১টি, বাংলায় ১৫-র মধ্যে ৯টি, গণিতে ১৯টির মধ্যে ১১টি, রসায়নে ৪৭-এর মধ্যে ২৩টি পদই বর্তমানে শূন্য।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকের এই চরম আকালে পঠনপাঠন ঘিরে স্বাভাবিক ভাবেই দুশ্চিন্তা তৈরি হয়েছে। শিক্ষকের অভাবে অনেক বিশ্ববিদ্যালয়েই পঠনপাঠন প্রায় শিকেয় উঠেছে। শিক্ষক-পূরণের বিজ্ঞপ্তি প্রকাশিত হলেও কাজ এগোচ্ছে শম্বুক গতিতে। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ, বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করুন।

**মলয় বিশ্বাস, কোতুলপুর, বাঁকুড়া।**

# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

**= SLN (Straight Line)**

S– Straight, LN– Line

এই সূত্রটির সাহায্যে কোনও সম্পত্তির সরলরৈখিক হারে (Straight Line) ব্যবহারজনিত অপচয় বা depreciation নিরূপণ করা যায়। নির্দিষ্ট মেয়াদ শেষে সম্পত্তির (কোনও দ্রব্য বা বস্তুর) মূল্য যা হবে তার উপর ভিত্তি করে প্রতিবছর Depreciation সরলরৈখিক হারে বের করার জন্য এই ফাংশানটি ব্যবহার করা হয়।

এর আগে আপনাদের 'DB' ফাংশানটির সাহায্যে Fixed-declining balance পদ্ধতিতে কোনও সম্পদ (বস্তুর)-এর ব্যবহারজনিত ক্ষতি বা অপচয় (Depreciation) বের করা দেখিয়েছিলাম। এই ফাংশানটির সাহায্যে প্রতি বছরের আলাদা আলাদা depreciation value নির্ণয় করা যায়। কিন্তু, Straight Line method-এ প্রতিবছর একই depreciation value হবে।

এই 'SLN' ফাংশানটির Syntax হল—

= SLN (Cost, Salvage, Life)

এখানে, Cost = সম্পত্তি (বস্তু)-র মূল্য

Salvage = ব্যবহারকাল শেষে অবশিষ্ট মূল্য

Life = ব্যবহারকাল

আসুন, একটি উদাহরণ দিয়ে আপনাদের দেখাই:

একটি কম্পিউটার 20,000 টাকা দিয়ে কেনা হল। 6 বছর পর এর মূল্য হল 2000 টাকা। এই 6 বছরের মধ্যে প্রতি বছরের depreciation সরলরৈখিক হারে কত হবে তা নির্ণয় করতে হবে।

⇨ প্রথমে, আমরা একটি worksheet তৈরি করি।

⇨ লক্ষ করুন, এই ওয়ার্কশিটে আমি আপনাদের 'DB' এবং 'SLN'-এর মধ্যে তুলনামূলক আলোচনা করেছি। 'DB'-তে প্রতিবছর আলাদা আলাদা Depreciation value এসেছে, কিন্তু SLN-এ একটিই Straight value এসেছে—

= SLN (20000, 2000, 6)

= 3000 টাকা আসবে। অর্থাৎ, 6 বছরে হল $3000 \times 6 = 18000$ টাকা। কিন্তু DB-তে দেখুন 18,005.14 এসেছে। কারণ, Straight Line method-এ সবসময় একটি Fixed Value থাকে।




DEPRECIATION COST CALCULATION

| ITEM | COST | SALVAGE | LIFE | | YEAR | DB | SLN |
|---|---|---|---|---|---|---|---|
| COMPUTER | 20000 | 2000 | 6 | | 1 | 6,380.00 | 3,000.00 |
| | | | | | 2 | 4,344.78 | 3,000.00 |
| | | | | | 3 | 2,958.80 | 3,000.00 |
| | | | | | 4 | 2,014.94 | 3,000.00 |
| | | | | | 5 | 1,372.17 | 3,000.00 |
| | | | | | 6 | 934.45 | 3,000.00 |
| | | | | | TOTAL | 18,005.14 | 18,000.00 |

11 =SLN(cost, salvage, life)

11 =SLN(20000, 2000, 6)

11 Rs.3,000.00

*ক্রমশ*

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



**কম্পিউটারের হার্ডওয়্যার ও নেটওয়ার্কিংয়ের কাজকে পেশা করতে হলে কী কী শিখতে হবে? — কল্যাণী রায়, পায়রাডাঙা, নদিয়া।**

□□ আপনাকে সফটওয়্যারের প্রাথমিক জ্ঞান অর্জনের পর কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং শিখতে হবে। এ বিষয়ে যথেষ্ট জ্ঞান অর্জনের পর কাজ শুরু করতে পারেন। সেইসঙ্গে সি সি এন এ, এম সি এস ই বা আর এইচ সি ই পরীক্ষা দিয়ে সফল হলে কাজের সুযোগ ও সম্ভাবনা অনেক বেড়ে যাবে।

**কম্পিউটারে 'নন-সিস্টেম ডিস্ক' বা 'ডিস্ক এরর' মেসেজ কেন দেয়? —প্রলয় তালুকদার, আমডাঙা, উত্তর ২৪ পরগনা।**

□□ কম্পিউটার বুট করার সময় আপনি যদি 'নন-সিস্টেম ডিস্ক' বা 'ডিস্ক এরর' পান তাহলে বুঝতে হবে কম্পিউটারটিতে কোনও সিডি, ডিভিডি বা কোনও এক্সটার্নাল ডিস্ক ড্রাইভ ঢোকানো আছে যেটি কম্পিউটারটিকে বুট করতে দিচ্ছে না। এই অবস্থায় ডিস্কটি কম্পিউটার থেকে বের করে নিয়ে কম্পিউটারটি রিস্টার্ট করুন।

**উচ্চমাধ্যমিক পাশ করেছি। কম্পিউটার জানি। ডেটা এন্ট্রির কাজের জন্য কি-বোর্ডে কত স্পিড চাওয়া হয়? —প্রসেনজিৎ দাস, কলকাতা-৫৬।**

□□ ডেটা এন্ট্রি অপারেটরের কাজের জন্য ঘন্টায় অন্তত ৬০০০ কি-ডিপ্রেশনের গতি থাকতে হয়।

**এসএমপিএস খারাপ হলে কী ভাবে বোঝা যাবে? —জয়ন্ত বাগচি, বর্ধমান।**

□□ কম্পিউটারে কোনও পাওয়ার আসবে না। সিপিইউ বা মনিটর কোনওটাই চলবে না।


দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট
ESTD.-1920
ট্রেনিং পার্টনার অফ
ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)
Skill India
N.S.D.C National Skill Development Corporation Transforming the skill landscape

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280
DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682
AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP : 9903967142 • RAJARHAT : 9903967146
** COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং
- নেটওয়ার্ক এক্সপার্ট *
- রাউটিং সুইচিং এক্সপার্ট *
- ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সিভিল কনস্ট্রাকশন টেকনোলজি
- সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)
- সিসিটিভি টেকনিসিয়ান *

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং *
- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক) *
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট *
- স্টেনোগ্রাফি *
- অ্যাডভান্সড এক্সেল *
- ডট নেট টেকনোলজি *
- মোবাইল রিটেল এসোসিয়েটস
- জেনারেল রিটেল এসোসিয়েটস
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *

- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যাণ্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস
- ক্যারিয়র মাইডিয়া এয়ার কন্ডিশনারস এণ্ড এ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং কোর্স (Carrier Midea, India দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

Dhaka(Bangladesh) : 01709380048
অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org
6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা © 8336939682/83/84/85, 22272605, 24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| আগরতলা | 09436139307 | ■ কন্টাই | 9674165582 | খোসবাগ | 9635735382 | Beauty | |
| ■ আলিপুর দুয়ার | 9836408027 | ■ কুচবিহার | 9674165586 | কাকদ্বীপ | 9830077802 | ■ ভবানীপুর | 9073952154 |
| ■ আন্দুল | 8334975533 | কটক | (0671)2312666 | ■ খড়গপুর | 9073610876 | জলপাইগুড়ি | 8158806115 |
| ■ আসানসোল | (0341)2302897 | ■ দুর্গাপুর | 9051111246 | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 | নাকতলা | 9831166575 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 | ডাকঘর | 8017522288 | ■ মালবাজার | 9674165584 | Paramedical | |
| ■ বাগনান | 9051110638 | ডায়মণ্ড হারবার | 8017522287 | ■ মালদা | 9674165585 | বারাসাত | 9073952156 |
| ■ বালুরঘাট | 9674165418 | গুয়াহাটি | 9127066277 | ■ মেদিনীপুর | 8335062606 | ■ বেহালা | 8336911653 |
| ■ বোলপুর | 9073333262 | গার্ডেনরিচ | 9230613574 | মেমারি | 8777687853 | কামারকুণ্ডু | 9434021033 |
| ■ বারাসাত (টাকী রোড) | 9674165589 | ■ হরিপাল | 9874136799 | ■ পুরুলিয়া | 9051110498 | সোনারপুর | 9073727474 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 | হাবরা | 9093037766 | ■ রায়গঞ্জ | 9830680900 | ■ লিলুয়া | 9830136688 |
| ■ বেহালা | 9836616668 | হলদিয়া | 9732727609 | রাজারহাট | 6290271014 | Smart Centre | |
| ■ বহরমপুর | 9674165587 | ■ জয়নগর | 9836666773 | ■ শিলিগুড়ি | 8335051715 | দমদম | 9748999933 |
| ■ বনগাঁ | 9836717783 | জলপাইগুড়ি | 9434154082 | ■ সোনারপুর | 9830720005 | গড়িয়া (বড়াল) | 9903660200 |
| বাঁকুড়া | 9932870010 | ■ কল্যাণী | 9674165588 | সিউড়ি | 9475074332 | ■ শ্রীরামপুর | 9073610884 |
| ব্যারাকপুর (ফিউচার হোপ) | 9830596844 | ■ কৃষ্ণনগর | 9674162462 | তমলুক | 9735521383 | ■ বর্ধমান | 8335053588 |
| বর্ধমান | (0342)2560398 | কোন্নগর | 9007129736 | ঠাকুরপুকুর | 8017522286 | নাকতলা | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ মে-৩১ মে

**২৪ মে** অ্যালান বর্ডারের টানা ১৫৩টি টেস্ট খেলার বিশ্বরেকর্ড ছুঁলেন অ্যালিস্টার কুক। লর্ডসে পাকিস্তানের বিরুদ্ধে ১৫৪তম টেস্ট খেলতে নামলেন তিনি। নাগপুরে ২০০৬ সালে ভারতের বিরুদ্ধে টেস্ট অভিষেক হয় কুকের। অভিষেকের পরের টেস্টেই অসুস্থতার জন্য বসতে হয়েছিল কুককে। তারপর থেকে টানা ১৫৩টি টেস্ট খেলেছেন। বর্ডারের চেয়ে অনেক কম বয়সে এই নজির গড়লেন কুক (৩৩)। বর্ডার ৩৮ বছর বয়সে নজির গড়েছিলেন।



“এ দেশের বহুত্ববাদের ঐতিহ্যকে শ্রদ্ধা করি। বিভেদ, হিংসা মানবতার বিরোধী।”

প্রণব মুখোপাধ্যায়, *ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি*

*নাগপুরে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের অনুষ্ঠানে অংশ নিলেও সহিষ্ণুতার বার্তা দিয়ে*

## হাসিনা-মমতা বৈঠক কলকাতায়



২৬ মে: বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরে যাওয়ার আগে কলকাতার একটি পাঁচতারা হোটেলে বৈঠক করলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে। বৈঠকের পর মমতা বলেছেন,'আজকের বৈঠক খুব ভালো হয়েছে। এ-পার বাংলার সঙ্গে ও-পার বাংলার বৈঠক সব সময়ই ভালো হয়। আমাদের সম্পর্ক সৌজন্যমূলক, বন্ধুত্বপূর্ণ। শিক্ষা, সংস্কৃতি ও বাণিজ্য ক্ষেত্রে দু'দেশের সম্পর্ক কী ভাবে উন্নত করা যায়, এগুলি নিয়েই কথা হয়েছে।' প্রধানমন্ত্রী হাসিনা অবশ্য এ দিন কলকাতা ছাড়ার আগে বৈঠকের বিষয়ে কোনও কথা বলেননি। গোটা সফরে তিস্তা শব্দটি এক বারও উচ্চারণ করেননি। তবে পশ্চিমবঙ্গ সফরে তিস্তা নিয়ে একটা ঐকমত্য হতে পারে, এমন একটা আশা বাংলাদেশের মানুষের ছিল।

**২৫ মে** কর্নাটক বিধানসভায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় আস্থাভোট জিতলেন সে রাজ্যের মুখ্যমন্ত্রী এইচডি কুমারস্বামী। এ দিন আস্থাভোটের আগে ইয়েদুরাপ্পার নেতৃত্বে বিজেপি বিধায়করা ওয়াকআউট করেন। তার আগে স্পিকার পদে নিজেদের প্রার্থী সুরেশ কুমারের নাম প্রত্যাহার করে নেয় বিজেপি। ফলে, কংগ্রেসের প্রার্থী রমেশ কুমার বিনা প্রতিদ্বন্দ্বিতায় স্পিকার পদে নির্বাচিত হন।

**২০১৭-'১৮ অর্থবর্ষে কর্মী প্রভিডেন্ট** ফান্ডের (ইপিএফ) ৫ কোটি গ্রাহক ৮.৫৫ শতাংশ হারে সুদ পাবেন বলে জানাল কেন্দ্র। গত পাঁচ বছরে এটাই সবচেয়ে কম সুদ। অছি পরিষদের সুপারিশে কেন্দ্র আগেই এতে সবুজ সঙ্কেত দিয়েছিল। কিন্তু কর্নাটকে নির্বাচনী বিধির জন্য এতদিন সেই সিদ্ধান্ত কার্যকর হয়নি।

**২৬ মে** প্রয়াত হলেন অতীত দিনের অভিনেত্রী গীতা কাপুর। 'পাকিজা'য় অভিনয়ের সুবাদে তিনি খ্যাতি পান। পরে আরও অনেক ছবিতেও অভিনয় করেন তিনি।

**পাকিস্তানের সঙ্গে যুদ্ধ একেবারে অন্তিম** পথ বলে মন্তব্য করলেন বিজেপি সভাপতি অমিত শাহ। তাঁর মূল বক্তব্য, জম্মু-কাশ্মীরের সন্ত্রাসে পাকিস্তান মদত দিয়ে অশান্তি সৃষ্টি করলেও যুদ্ধ একেবারেই অন্তিম পথ। তাঁর কথায়, 'এই সরকারের আমলে, সব থেকে বেশি জঙ্গি মারা গিয়েছে। সার্জিক্যাল স্ট্রাইকও হয়েছে। তা বলে পাকিস্তানের সঙ্গে যুদ্ধ হল একেবারে অন্তিম পদক্ষেপ।'

**স্টারলাইট নিয়ে উদ্বেগ জানাল রাষ্ট্রপুঞ্জ।** ওই কারখানা বন্ধের দাবিতে বিক্ষোভ চলাকালীন সেখানে পরপর দু'দিন পুলিশের গুলিতে নিহত হন ১৩ জন। রাষ্ট্রপুঞ্জের পরিবেশ কর্মসূচির প্রধান এরিক সোহেম জানিয়েছেন, এই ধরনের প্রকল্প শুরু করার আগে স্থানীয়দের সঙ্গে বিস্তারিত আলোচনা এবং পরিবেশ রক্ষার বিষয়ে নজরে রাখা বিশেষ প্রয়োজন।

**২৭ মে** পাক অধিকৃত কাশ্মীর নিয়ে পাক দূতকে ডেকে ক্ষোভ জানাল দিল্লি। পাক ডেপুটি হাই কমিশনার সৈয়দ হায়দর শাহকে ডেকে সাউথ ব্লকের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়েছে, বেআইনি ভাবে দখল করে রাখা কাশ্মীরের কোনও অঞ্চলের মর্যাদা যদি ইসলামাবাদ জোর করে পাল্টাতে চেষ্টা করে, তবে তা মেনে নেওয়া হবে না। উল্লেখ্য, গত ২১ মে পাক প্রধানমন্ত্রীর দপ্তর থেকে একটি নির্দেশ জারি করে বলা হয়, বিভিন্ন ক্ষেত্রে গিলগিট-বাল্টিস্তানের স্থানীয় পরিষদের ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে। সরাসরি ইসলামাবাদই সেগুলি নিয়ন্ত্রণ করবে। এই নির্দেশ আদপে গিলগিট-বাল্টিস্তানকে পঞ্চম পাক প্রদেশ হিসেবে ঘোষণার চেষ্টা বলে মনে করা হচ্ছে। নাগরিক অধিকার রক্ষা সংক্রান্ত সংগঠনগুলি এর আগেই প্রতিবাদে নেমেছিল। এ দিন ভারতও বিবৃতি দিয়ে জানিয়েছে এই কাজ বেআইনি। বলা হয়েছে পাকিস্তানের উচিত অধিকৃত অঞ্চলগুলি অবিলম্বে ছেড়ে দেওয়া।

**উত্তর কোরিয়ার সঙ্গে বৈঠক নিয়ে সুর** নরম করলেন ট্রাম্প। ১২ জুন স্থির হওয়া বৈঠক চিঠি লিখে বাতিল করে দিলেও জানা গেছে মার্কিন প্রশাসন অবিরাম যোগাযোগ রেখে চলেছে উত্তর কোরিয়ার সঙ্গে। ওয়াশিংটনের ওভাল অফিসে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলার সময় বৈঠকের ব্যাপারে ফের আগ্রহও প্রকাশ করেছেন ট্রাম্প। এ দিন সকালে দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টও ১২ তারিখের বৈঠক নিয়ে সদর্থক ইঙ্গিত দেন। সাংবাদিক সম্মেলন করে দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জায়ে-ইন জানান, ট্রাম্প বৈঠক বাতিল করার সিদ্ধান্ত নিলেও কোরীয় উপদ্বীপে পরমাণু নিরস্ত্রীকরণের প্রতি এখনও দায়বদ্ধ উত্তর কোরিয়ার চেয়ারম্যান কিম।

## বিশ্বভারতীর সমাবর্তনে মোদী ও হাসিনা, করলেন বৈঠক



২৫ মে: ভারত ও বাংলাদেশের প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বিশ্বভারতীর সমাবর্তন অনুষ্ঠান হল শান্তিনিকেতনে। উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আচার্য হিসেবে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী কেন্দ্রের একের পর এক প্রকল্প উল্লেখ করে ছাত্র-ছাত্রীদের সে সব রূপায়ণে এগিয়ে আসার আহ্বান জানান। বিশ্বভারতীর ছাত্র-ছাত্রীরা গ্রামাঞ্চলের জন্য যে সব কাজ করেন তার সঙ্গে সরকারকে জুড়ে মোদী আরও বলেন, '২০২১ সালের মধ্যে ১০০টা গ্রাম বেছে নিয়ে কাজ করুন। লোকহিতে কেন্দ্রের অনেক প্রকল্প চলছে। সে সবের সুযোগ আপনারা নিতে পারেন।' এ দিন বাংলাদেশের উদ্যোগে তৈরি 'বাংলাদেশ ভবন'-এরও উদ্বোধন হয় শান্তিনিকেতনে। সেখানেই শেখ হাসিনা বৈঠকে বসেন প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে। হাসিনা জানান, তাঁর সরকার উত্তর-পূর্বের জঙ্গিদের দেশছাড়া করেছে, ট্রানজিট দিয়েছে, আন্তর্জাতিক মঞ্চে বরাবর দিল্লির পাশে থেকেছে। বাংলাদেশের নির্বাচনের বছরে এবার ভারতের সহযোগিতা চেয়েছেন তিনি। ছবি: পিটিআই

## প্রয়াত চিত্রশিল্পী-নভশ্চর অ্যালান বিন



২৭ মে: চাঁদের মাটিতে পা রাখা আরও এক নভশ্চর অ্যালান বিন (৮৬) প্রয়াত হলেন। নাসার হয়ে চতুর্থ নভশ্চর হিসেবে ১৯৬৯ সালে চাঁদের মাটিতে পা রাখেন তিনি। চিত্রশিল্পী হিসেবেও খ্যাতনামা অ্যালান দু'বার মহাকাশে যান। শেষবার ১৯৭৩ সালে আমেরিকার প্রথম মহাকাশ স্টেশন স্কাইল্যাবের কম্যান্ডার হিসেবে মহাকাশে যান। ১৯৬৩ সালে নাসায় শিক্ষানবিশ হিসেবে যোগ দেওয়ার আগে মার্কিন নৌবাহিনীতে পাইলট হিসেবে কাজ করেছিলেন।

**২৮ মে** তুতিকোরিনের স্টারলাইট কপার কারখানা পুরোপুরি বন্ধ করে দিল তামিলনাড়ু সরকার। তুতিকোরিন বা থুদুকোরিতে স্টারলাইট কপার কারখানার দূষণ থেকে স্থানীয় বাসিন্দাদের মারাত্মক ক্ষতি হচ্ছে এই অভিযোগে আশপাশের ১৬টি গ্রামের বাসিন্দারা দীর্ঘদিন ধরেই আন্দোলন চালাচ্ছিলেন। পরিবেশ বাঁচানোর আন্দোলন চূড়ান্ত পর্যায় পৌঁছলে গত সপ্তাহে পুলিশের গুলিতে ১৩ জন আন্দোলনকারী নিহত হন।

**ভারত সফরে এসে বিদেশমন্ত্রী সুষমা** স্বরাজের সঙ্গে দেখা করলেন ইরানের বিদেশমন্ত্রী জাভেদ জারিফ। দু'জনের মধ্যে দ্বিপাক্ষিক বিষয়ের পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে কথা হয়েছে বলে বিদেশমন্ত্রক জানিয়েছে। ইরানের প্রেসিডেন্ট হাসান রৌহানি ভারত সফরে এসে যে সিদ্ধান্ত নিয়েছিলেন, সেগুলি কার্যকর করা নিয়েও কথা হয়েছে দুই বিদেশমন্ত্রীর মধ্যে। যোগাযোগ ব্যবস্থা, শক্তিসম্পদ ও বাণিজ্যের ক্ষেত্রেও পারস্পরিক সহায়তার আশ্বাস দিয়েছে দুই পক্ষই।

**২৯ মে** রাজ্য সরকার দার্জিলিং জেলায় একটি বিশ্ববিদ্যালয় গড়বে বলে জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এ দিন কালিম্পংয়ে গিয়ে একথা জানান তিনি। দার্জিলিংয়ে এর আগেই প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস তৈরি করা হয়েছে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন শিক্ষার প্রসারের জন্যই পাহাড়ে বিশ্ববিদ্যালয়ের দরকার।

**দেশের উপ-জাতীয় নিরাপত্তা উপদেষ্টা** হলেন অন্যতম শীর্ষ কূটনীতিক পঙ্কজ সরণ। কেন্দ্রীয় মন্ত্রিসভার নিয়োগ-সংক্রান্ত কমিটি তাঁকে দু'বছরের জন্য ওই পদে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে। ১৯৮২ ব্যাচের আইএফএস সরণ বর্তমানে রাশিয়ায় ভারতের রাষ্ট্রদূত। এর আগে বাংলাদেশে ভারতের হাইকমিশনার ছিলেন তিনি।

**৩০ মে** সাংবাদিক গৌরী লঙ্কেশ খুনে বিশেষ তদন্তকারী দল প্রথম চার্জশিট পেশ করল। পুলিশ এই ঘটনায় মোট ছ'জনকে গ্রেপ্তার করেছে। তবে বুধবার বেঙ্গালুরুর আদালতে পেশ করা চার্জশিটে কেবল অস্ত্রপাচারকারী ও হিন্দুত্ববাদী হিসেবে পরিচিত নবীন কুমারের নাম উল্লেখ করা হয়েছে। তাঁদের অভিযোগ, গৌরী লঙ্কেশের খুনিদের অস্ত্র সরবরাহ করেছিল নবীন।

**৩১ মে** দেশের ৪টি লোকসভা ও ১১টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে ধাক্কা খেল বিজেপির সাফল্য। ১৫টি কেন্দ্রের উপনির্বাচনের মধ্যে বিজেপি জিতেছে মাত্র দু'টিতে। নাগাল্যান্ডে একটি লোকসভা আসনে বিজেপি সমর্থিত এনডিপিপি প্রার্থী জয়লাভ করেছে। কৈরানা (উত্তরপ্রদেশ)-য় আরএলডি, পালঘর (মহারাষ্ট্র)-এ বিজেপি এবং ভান্ডার গোন্ডিয়া (মহারাষ্ট্র)-য় এনসিপি প্রার্থীরা জয়লাভ করেছে। ১১টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে উত্তরপ্রদেশের নুরপুরে এসপি, মহারাষ্ট্রের পালুস কোড়েগাঁওয়ে কংগ্রেস, বিহারের জোকিহাটে আরজেডি, কেরলের চেঙ্গান্নুরে সিপিএম, পাঞ্জাবের শাহকোটে কংগ্রেস, ঝাড়খণ্ডের সিলি ও গোমিয়া কেন্দ্র দু'টিতেই জেএমএম, উত্তরাখণ্ডের থারালিতে বিজেপি, মেঘালয়ের আমপাতিতে কংগ্রেস, পশ্চিমবঙ্গের মহেশতলায় তৃণমূল এবং কর্নাটকের রাজরাজেশ্বরী নগরে কংগ্রেস জয়লাভ করেছে।

## জাকার্তায় মোদীর মৈত্রীর বার্তা



৩০ মে: মৈত্রীর বার্তা নিয়ে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তা সফর করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সফরের প্রথম দিনই সে দেশের প্রেসিডেন্ট জোকো উইডোডোকে পাশে নিয়ে উদ্বোধন করলেন ঘুড়ির প্রদর্শনী 'কাই পো চে'। প্রদর্শনীর থিম ছিল ইন্দোনেশিয়ার ঐতিহ্য অনুসারে রামায়ণ ও মহাভারত। সাউথ ব্লকের মতে, আসিয়ান দেশগুলিতে রামায়ণ জনপ্রিয় মহাকাব্য। ফলে দু'দেশের সম্পর্কের সুপ্রাচীন ভিতটি সামনে নিয়ে এলে তা দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও সুদৃঢ় করবে। জাকার্তার লেয়াং লেয়াং ঘুড়ি মিউজিয়াম এবং আমেদাবাদের ঘুড়ি মিউজিয়ামের মধ্যে সাংস্কৃতিক চুক্তিও হয়েছে।

## রোহিঙ্গা শিবিরে শরণার্থীদের পাশে প্রিয়াঙ্কা চোপড়া



২৪ মে: বাংলাদেশে রোহিঙ্গা শিবিরে গিয়ে শরণার্থী শিশুদের পাশে দাঁড়ালেন অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। ইউনিসেফের গুডউইল অ্যাম্বাসাডার হিসেবে প্রিয়াঙ্কা বিশ্বজুড়েই বিপন্ন শিশুদের পাশে দাঁড়ান। তিনি গিয়েছিলেন কক্সবাজারের কুতুপালং ও বালুখালি শিবিরে। সেখানে শিশুদের সঙ্গে দেখা করে তাদের অবস্থার খোঁজখবর নেন তিনি। সেই ছবি প্রকাশের পর সোশ্যাল মিডিয়ায় 'ট্রোলিং'-এর শিকার হতে হয় প্রিয়াঙ্কাকে। তবে সমালোচকদের মন্তব্য ছাপিয়ে লক্ষ লক্ষ জনতার প্রশংসাও পেয়েছেন অভিনেত্রী।

## তৃতীয়বার আইপিএল জয় চেন্নাইয়ের



২৭ মে: এই নিয়ে তৃতীয়বার আইপিএল চ্যাম্পিয়ন হল চেন্নাই সুপার কিংস। মুম্বইয়ের ওয়াংখেড়েতে এ বারের দুটো যোগ্য দলই ফাইনাল খেলতে নেমেছিল। চেন্নাই সুপার কিংস এবং সানরাইজার্স হায়দরাবাদ দু'টো দলই দক্ষিণ ভারতের। ৫৭ বলে শেন ওয়াটসনের অপরাজিত ১১৭ রানই চ্যাম্পিয়ন করে দিল চেন্নাই সুপার কিংসকে। দু'বছর নির্বাসনের পর আইপিএলে ফিরে ৮ উইকেটে হায়দরাবাদকে হারিয়ে ট্রফি হাতে তুললেন মহেন্দ্র সিং ধোনি। সানরাইজার্স হায়দরাবাদ নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ১৭৮ রান করে। চেন্নাই ১৮.৩ ওভারে ২ উইকেট হারিয়ে ১৮১ রান তুলে নেয়। ফাইনাল ম্যাচের সেরা হলেন শেন ওয়াটসন।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ভয়ানক প্রতিকূল পরিস্থিতি জয় করাটাও অসম্ভব নয়



**রাহুল সেনগুপ্ত**
ডেপুটি ম্যানেজার-মার্কেটিং
ন্যাফলে-ইন্ডিয়া
(বহুজাতিক ম্যানুফ্যাকচারিং সংস্থা)

ক্লাস নাইনে পড়াকালীন বাবা মারা যান। স্কুলের পর নিজেই শিক্ষাঋণ নিয়ে হোটেল ম্যানেজমেন্ট পড়ি। তখন এই পেশায় বেশ ভালোই চাকরির সম্ভাবনা তৈরি হয়েছে। ক্যাম্পাসিংয়ের পর দিল্লিতে একটি বহুজাতিক পিংজা-সংস্থায় ম্যানেজমেন্ট ট্রেনি হিসেবে যোগ দিলাম। গিয়ে জানতে পারি থাকা-খাওয়া নিজের দায়িত্বে চালাতে হবে। আট হাজার টাকা মাইনেয় একার পক্ষে চালানো সম্ভব নয় বলে কয়েকজন মিলে একটা হোটেলের স্টোররুম ভাড়া নিলাম। বসবাসের অযোগ্য সেই স্টোররুম। অতএব নতুন চাকরি খুঁজতে শুরু করি। ঋণের টাকা শোধ আর কলকাতার বাড়িভাড়ার খরচ সামলাতে কল সেন্টারে চাকরি করি কিছুদিন। রাস্তায় দাঁড়িয়ে রিলায়েন্সের ডোঙ্গলের ডেমো-সহ লিফলেটও বিলি করেছি। অনেক সময় প্রবল অসম্মানজনক কথাও বিনা বাক্যব্যয়ে হজম করতে হয়েছে।

এইসব অভিজ্ঞতার কথা বললাম একটাই কারণে। সেটা হল, প্রতিকূল পরিস্থিতি মানেই কিন্তু থেমে যাওয়া নয়। বাস্তবে কার্যক্ষেত্রে এরকম একাধিক বাধার মুখে পড়তে হয়। তার জন্য লজ্জা বা কষ্ট পেও না। আবার ভুলে যেতেও চেষ্টা কোরো না। প্রথমে ভাবো, তোমার ভুলটা কোথায়। সে জায়গাটা কী করলে তুমি শুধরে নিতে পারবে। নিজেকে আরও শক্ত করো এই মনে করে, যে, এই কঠিন রাস্তাগুলো তোমাকে পার হতেই হবে। আমার নিজেরও খুব অসহায় লাগত সেসময়। অনেক চোখের জল আর হতাশা পার হয়েছি মন শক্ত করে। জীবনে সাফল্য আর তৃপ্তিও যথাসময়ে এসেছে।

কিছুদিন পর অম্বুজা সংস্থায় কাজ করার সুযোগ হয়ে যায়। এখানেই মার্কেটিং, ইভেন্ট ম্যানেজমেন্ট ও ব্র্যান্ডিংয়ের গুরুমন্ত্র শিখি। সর্বভারতীয় স্তরে দায়িত্ব পেয়ে চলে আসি গ্লোবাল কিচেন-ইন্ডিয়াতে। বর্তমানে যেখানে কাজ করছি, সেটি একটি আন্তর্জাতিক সংস্থা। শূন্য থেকে শুরু করে যেখানে পৌঁছেছি তা আমায় সাফল্যের সঙ্গে তৃপ্তিও দিয়েছে। ভিত্তিটা কিন্তু সেই একক লড়াই। পছন্দের পেশার লক্ষ্যে পৌঁছনোর চেষ্টা কখনও ছাড়িনি। স্নাতকোত্তর পড়ারও সুযোগ হয়নি ইচ্ছে থাকলেও। কাজের অভিজ্ঞতা আর পরিশ্রমটাই শুধু পাথেয় ছিল। জীবনে ভয়ানক প্রতিকূল পরিস্থিতি আসতেই পারে। কিন্তু তাকে জয় করাটাও অসম্ভব নয়। তাই হতাশ হওয়ার কোনও জায়গা নেই।

### জনসংযোগ খুব জরুরি

কোনও নির্দিষ্ট পেশায় যাবার আগ্রহ থাকলেও হয়তো এই মুহূর্তে পারছ না, সুযোগ আসছে না, যে কাজটা ভালো লাগে না অর্থোপার্জনের প্রয়োজনে সেটাই বাধ্য হয়ে করে যেতে হচ্ছে— এমনটা কিন্তু অনেকের ক্ষেত্রেই হয়। এসব ক্ষেত্রে হাল ছেড়ে দেওয়াটা মোটেই কাজের কথা নয়। আর হবে না, আর পারব না, এরকম ভাববে না। সবসময় জানবে, চেষ্টা থাকলে উপায়ও বেরবে। চোখের সামনে হয়তো দেখছ, তোমার সহপাঠী বা সহকর্মীরা তোমায় ছাপিয়ে এগিয়ে যাচ্ছে, সেটা চোখে আঙুল দিয়ে দেখানোর লোকও কম নেই আমাদের সমাজে, কিন্তু তাতেও ঘাবড়িও না। তোমার তাৎক্ষণিক হীনম্মন্যতাকেও এগোবার কাজে লাগাও। তার মানেই কিন্তু সহপাঠী বা সহকর্মীকে প্রতিযোগী ভেবে নেওয়া নয়। মনের জোর আর আন্তরিক চেষ্টাটাই আসল। সেইসঙ্গে কাজের জগতে জনসংযোগ রক্ষা করাটাও খুব জরুরি। কখন কে কীভাবে পাশে দাঁড়ায় এটা আগাম বলা তো যায় না! তাছাড়া সহপাঠী হোক বা সহকর্মী, সবার সঙ্গে সদ্ভাব ও যোগাযোগ রেখে চলা তোমাকে মানসিক এবং সামাজিকভাবে ভালো রাখবে।

### ইন্টারভিউ বোর্ডের সামনে

ইন্টারভিউ মানে কারও সঙ্গে প্রথমবার তোমার আলাপ হচ্ছে। ফলে তার সামনে এসে দাঁড়ানো, নিজেকে কীভাবে উপস্থাপন করছ, সবটাই নজরদারির মধ্যে থাকবে। প্রথম আলাপেই যেন তাঁর মনে হয়, তোমার মধ্যে কিছু স্বাতন্ত্র্য আছে। সেই স্বাতন্ত্র্যটা কী? সেটা তোমার গ্রুমিং, ভদ্রতাবোধ, শিষ্টাচার। কথা শুরুর আগে এই বৈশিষ্ট্যগুলির মাধ্যমেই কিছুটা ধারণা তৈরি হয়ে যায়।

> ইংরেজি জানতে হবে। অন্তত কথ্য ইংরেজি খুব ভালো ভাবে জানতে হবে। লিখিত পরীক্ষা ছাড়া ব্যাকরণ মেনে নির্ভুল ইংরেজি জানার দরকার হয় না। তাই নিজে হোক বা কোনও কোর্স করে, ইংরেজি বলার অভ্যেসটা তৈরি করে নিতেই হবে।

ইংরেজি জানতে হবে। অন্তত কথ্য ইংরেজি খুব ভালো ভাবে জানতে হবে। লিখিত পরীক্ষা ছাড়া ব্যাকরণ মেনে নির্ভুল ইংরেজি জানার দরকার হয় না। তাই নিজে হোক বা কোনও কোর্স করে, ইংরেজি বলার অভ্যেসটা তৈরি করে নিতেই হবে।

ইন্টারভিউতে তোমার দুর্বলতা সম্পর্কে জানতে চাওয়া হয়। কিন্তু কখনও কাউকে নিজের দুর্বলতার কথা জানাবে না। হয়ত তুমি অল্পে রেগে যাও বা ধৈর্য ধরতে পারো না। কিন্তু এই সব কথা কখনওই ইন্টারভিউতে বলা চলবে না। বরং বলতে পারো, তুমি খুব খেতে ভালোবাসো, তাই এত মোটা। এতে তোমার চাকরিতে কোথাও আটকাবে না। কিন্তু প্রশ্নের অভিমুখটা ঘুরে যাবে।

আমি জীবনে খুব বেশি চাকরি বদল করেছি বলে, ইন্টারভিউতে প্রশ্ন আসত, এত চাকরি বদল, তার মানে কি টাকার পিছনে দৌড়োচ্ছ? আমি বলতাম, কেরিয়ারের পিছনে ছুটছি। যেদিন সেরা কর্তৃপক্ষ এবং সংস্থাকে পেয়ে যাব, যাঁরা কর্মী নয় মানুষ হিসেবে আমার খেয়াল রাখবে, সেই সংস্থা আমি কখনও ছেড়ে যাব না।

সংস্থা টাকা দেয়, কর্মীরা কাজ করেন— এটা একটা সমীকরণ। কিন্তু যেখানে কর্মী ও কর্তৃপক্ষের মধ্যে একটা মানবিক সম্পর্ক তৈরি হয়ে যায় সেই সংস্থার যে কোনও উৎপাদনই ভিন্ন মাত্রা পায়, এতে কোনও সন্দেহ নেই।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017

Skill India
N·S·D·C National Skill Development Corporation
Transforming the skill landscape
eyeMiTRA
SUSRUT
চোখ ধাঁধানো সুযোগ!
বাংলায় প্রথমবার



Our Training Center: Kolkata, North24pgns, South24pgns, Howrah, Birbhum
ভিসান্ টেকনিসিয়ান (আই মিত্র অপটিসিয়ান)
এই প্রথম সুশ্রুত এবং এন এস ডি সির দ্বারা স্বীকৃত প্রশিক্ষণ
সুবর্ণ সুযোগ
আসন সংখ্যা সীমিত
- উদ্যোগী যুবক যুবতীদের স্বনির্ভর হওয়ার এক সুবর্ণ সুযোগ।
- আমরা আপনাকে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং সরঞ্জাম দিয়ে আপনার জীবনে ১০০% প্রতিষ্ঠিত হতে সাহায্য করব।
- শিখুন এবং উপার্জন করুন, সমাজে উন্নতি ও সম্মান অর্জন করুন।
- বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা যুক্ত।
যোগ্যতা: মাধ্যমিক / উচ্চ-মাধ্যমিক পাশ
SUSRUT EYE FOUNDATION & RESEARCH CENTRE
HB - 36/A/1, Sector 3, Salt Lake City, Kolkata - 700106
Contact : 8926920049 | 8910565883 | 9432851033 | 9073997726
www.susrut.org | Email : susrut36@gmail.com

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. একটি লোহার বলকে কয়লার উনুনে কিছুক্ষণ রাখলে বলটির ভর:
(a) কমে যায় (b) বেড়ে যায় (c) একই থাকে (d) প্রথমে বাড়ে পরে কমে
2. বিশুদ্ধ জলের তুলনায় সমুদ্রের জলের স্ফুটনাঙ্ক:
(a) বেশি (b) কম (c) একই (d) কখনও বেশি কখনও কম
3. মরুভূমিতে মরীচিকা সৃষ্টি একটি:
(a) নিয়মিত প্রতিফলন (b) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন (c) প্রতিসরণ (d) আপতন
4. সূচিছিদ্র ক্যামেরায় ছিদ্র বড় হলে প্রতিকৃতির প্রকৃতি:
(a) আরও স্পষ্ট হবে (b) আরও অস্পষ্ট হবে (c) একইরকম থাকবে (d) কোনওটিই নয়
5. তড়িচ্চুম্বকে ব্যবহৃত চুম্বক দণ্ডটি সাধারণত তৈরি হয়:
(a) ইস্পাত দিয়ে (b) কাঁচা লোহা দিয়ে (c) টিন দিয়ে (d) লেড দিয়ে
6. টেলিফোনে ব্যবহৃত হয়:
(a) সাধারণ চুম্বক (b) প্রাকৃতিক চুম্বক (c) তড়িচ্চুম্বক (d) চুম্বক শলাকা
7. মেরুজ্যোতি দেখা যায়:
(a) মেসোস্ফিয়ারে (b) আয়নোস্ফিয়ারে (c) এক্সোস্ফিয়ারে (d) ম্যাগনেটোস্ফিয়ারে
8. তড়িৎ চুম্বকত্ব তত্ত্বের আবিষ্কারক হলেন:
(a) রন্টজেন (b) আর্কিমিডিস (c) অ্যাম্পিয়ার (d) ওরস্টেড
9. তড়িৎ বর্তনীতে পরিবাহীরূপে সবচেয়ে বেশি ব্যবহৃত হয়:
(a) স্টিল (b) রুপো (c) তামা (d) লোহা
10. টর্চ জ্বালানোর জন্য ব্যবহৃত হয়:
(a) নির্জল কোষ (b) সোলার সেল (c) ডিসপোজাল সেল (d) বোতাম সেল
11. পরিবাহীর রোধ কম হলে তার মধ্য দিয়ে তড়িৎপ্রবাহমাত্রা:
(a) বেশি হবে (b) কম হবে (c) অপরিবর্তিত থাকবে (d) কোনওটিই নয়
12. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-D (c) ভিটামিন-B (d) ভিটামিন-K
13. পেরিয়ার অভয়ারণ্য কোথায় অবস্থিত?
(a) কেরল (b) তামিলনাড়ু (c) পশ্চিমবঙ্গ (d) মহারাষ্ট্র
14. স্যালামান্ডার প্রাণীটির প্রকৃতি হল:
(a) সরীসৃপ (b) উভচর (c) মৎস্য (d) স্তন্যপায়ী
15. W.W.F-এর লোগোতে কোন প্রাণীর চিহ্ন আছে?
(a) স্লথ (b) লেঙ্গুর (c) জায়ান্ট পান্ডা (d) মেছোবিড়াল
16. রেড ডেটা বুক কারা প্রকাশ করে?
(a) IUCN (b) WWF (c) CITES (d) CBD
17. দু'টি পৃথক বাস্তুতন্ত্রের মধ্যে উপস্থিত প্রজাতির তুলনাকে বলে:
(a) জিনগত বৈচিত্র (b) আলফা বৈচিত্র (c) বিটা বৈচিত্র (d) গামা বৈচিত্র
18. কোন দেশের জাতীয় বিজ্ঞান প্রতিষ্ঠান গ্রিন ডেটা বুক প্রকাশ করে?
(a) ইতালি (b) ইউক্রেন (c) আমেরিকা যুক্তরাষ্ট্র (d) গ্রেট ব্রিটেন
19. করবেট ন্যাশনাল পার্ক যে পশুর জন্য বিখ্যাত তা হল:
(a) বাঘ (b) সিংহ (c) গন্ডার (d) হরিণ
20. ভারতের প্রথম বায়োস্ফিয়ার রিজার্ভ হল:
(a) নন্দাদেবী (b) মানস (c) নীলগিরি (d) পাঁচমারি
21. এর মধ্যে কোন প্রাণীটি ভারত থেকে চিরতরে অবলুপ্ত?
(a) চিতা (b) হায়না (c) জলহস্তী (d) তুষারচিতা
22. নীচের কোনটি ভারতের প্রথম ন্যাশনাল পার্ক?
(a) বন্দিপুর (b) কাঞ্চনজঙ্ঘা (c) পেরিয়ার (d) করবেট
23. কোন অঞ্চল থেকে সর্বাধিক প্রজাতি বিলুপ্ত হয়েছে?
(a) মহাদেশ (b) মহাসাগর (c) দ্বীপসমূহ (d) মিষ্টি জলাশয়
24. কোনটি অ্যাজেট গ্যাস?
(a) নাইট্রোজেন (b) হাইড্রোজেন (c) অক্সিজেন (d) মিথেন
25. UNICEF-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) জেনিভা (b) নিউ ইয়র্ক (c) ওয়াশিংটন (d) প্যারিস
26. স্কার্ভি রোগের কারণ কোন ভিটামিনের অভাব?
(a) B (b) C (c) D (d) P
27. কাকে 'chemical messenger' বলে?
(a) ভিটামিন (b) খনিজ লবণ (c) হরমোন (d) জল
28. নীচের কোনটি অতিপৌষ্টিকতা?
(a) অ্যামোনিফিকেশান (b) অ্যাসিডিফিকেশন (c) ইউট্রোপিকেশন (d) অ্যালকানাইজেশন
29. প্রথম বানরের ক্লোনিং করা হয় কোন দেশে?
(a) ফ্রান্সে (b) স্কটল্যান্ডে (c) রাশিয়াতে (d) মার্কিন যুক্তরাষ্ট্রে
30. টিকটিকির গমন পদ্ধতির নাম কী?
(a) ক্রিপিং (b) ক্রলিং (c) স্লিপিং (d) সিটা
31. পৃথিবী গ্রহের ফুসফুস কোনটি?
(a) সেলভা (b) তৈগা (c) তুন্দ্রা (d) ডাউনস
32. প্রথম থার্মোমিটার তৈরি করেন:
(a) সেলসিয়াস (b) ফারেনহাইট (c) আলেসান্দ্রো (d) গ্যালিলিও
33. বোরা গুহা, গোস্থানী নদী কোথায় অবস্থিত?
(a) অন্ধ্রপ্রদেশ (b) ওড়িশা (c) মহারাষ্ট্র (d) তামিলনাড়ু
34. রাজ্যসভার সদস্যদের মেয়াদ কত বছরের?
(a) 5 (b) 6 (c) 7 (d) 4
35. গ্রামীণ স্বনিযুক্তি প্রকল্প কর্মসূচির সঙ্গে নীচের কোন মনীষীর নাম সংযুক্ত?
(a) মহাত্মা গান্ধী (b) নেতাজি সুভাষচন্দ্র বসু (c) ইন্দিরা গান্ধী (d) চিত্তরঞ্জন দাশ
36. ছট্টারি কোন রাজ্যের নৃত্য?
(a) গোয়া (b) রাজস্থান (c) মহারাষ্ট্র (d) কর্নাটক
37. গোলাপি বিপ্লব কীসের উৎপাদন বৃদ্ধিকে নির্দেশ করে?
(a) ফল (b) মাংস (c) চিংড়ি (d) খাদ্যশস্য
38. 'দি সিগাল' নাটকটি কার লেখা?
(a) শেক্সপিয়র (b) চেকভ (c) টলস্টয় (d) নেরুদা
39. 'কবি হেমচন্দ্র' গ্রন্থটি কার লেখা?
(a) দ্বিজেন্দ্রলাল রায় (b) বিদ্যাসাগর (c) অক্ষয়চন্দ্র সরকার (d) আশাপূর্ণা দেবী
40. ইবন বতুতা কার সময়ে ভারতে এসেছিলেন?
(a) বিন্দুসার (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) মহম্মদ বিন তুঘলক (d) সুলতান মামুদ
41. 'স্বপ্নবাসবদত্তা' গ্রন্থটির লেখক হলেন:
(a) অশ্বঘোষ (b) নাগার্জুন (c) বসুমিত্র (d) ভাস
42. বিরজু মহারাজ কোন লোকনৃত্যের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) কথাকলি (b) ভরতনাট্যম (c) কত্থক (d) কচিপুড়ি
43. বাল্মীকি ব্যাঘ্র প্রকল্প অবস্থিত:
(a) মধ্যপ্রদেশে (b) সিকিমে (c) বিহারে (d) অসমে
44. গ্রানাইটের পরিবর্তিত রূপ হল:
(a) মার্বেল (b) হর্নব্লেড (c) নিস (d) সার্পেন্টাইন
45. মালদ্বীপের পার্লামেন্ট হল:
(a) সোরা (b) মজলিশ (c) নেসেট (d) সিয়েম
46. নীচের কোনটি ভিত্তি শিল্প?
(a) কাগজ (b) লৌহ ইস্পাত (c) পেট্রোরসায়ন (d) কার্পাস বস্ত্রবয়ন
47. বনস্পতি তৈরিতে ব্যবহৃত হয়:
(a) অ্যামোনিয়া (b) নাইট্রোজেন (c) সালফার ডাইঅক্সাইড (d) হাইড্রোজেন
48. সেলভা কী?
(a) বনভূমি (b) তৃণভূমি (c) জলাভূমি (d) মালভূমি
49. আকাশগঙ্গা কী?
(a) গ্রহাণুপুঞ্জ (b) ধূমকেতু (c) ছায়াপথ (d) নীহারিকা
50. সুইডিশ নোবেল একাডেমির 75 বছরের ইতিহাসে এই প্রথম কোন বিষয়ে নোবেল এবছর দেওয়া হবে না বলে ঘোষণা করা হল:
(a) চিকিৎসাবিজ্ঞান (b) সাহিত্য (c) অর্থনীতি (d) পদার্থবিজ্ঞান
51. 2, 5, 9, 19, 37 ———.
(a) 76 (b) 74 (c) 75 (d) 50
52. 'I am happy' = 367, you are sad = 748 এবং Happy and sad = 469 হলে, and কোন সংখ্যাকে বোঝাবে?
(a) 3 (b) 6 (c) 9 (d) 4
53. নীচের সংখ্যাক্রমে কোনটি ভুল আছে?
52, 51, 48, 43, 34, 27, 16:
(a) 27 (b) 34 (c) 43 (d) 48
54. যদি 5472 = 9, 6342 = 6 হয় তাহলে 9236 = ?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
55. PAN = 31, PAR = 35 হলে, PAT = ?
(a) 30 (b) 37 (c) 39 (d) 41
56. রাজু এক ব্যক্তিকে দেখিয়ে বলল, তিনি আমার একমাত্র পিসতুতো ভাইয়ের একমাত্র মামা। রাজুর সঙ্গে এই ব্যক্তির সম্পর্ক কী?
(a) কাকা (b) মামা (c) বাবা (d) কোনওটিই নয়
57. শ্রেণিকক্ষের মোট 47 জন ছাত্রীর মধ্যে প্রথম থেকে স্বস্তিকার স্থান 17তম। শেষের দিক থেকে স্বস্তিকার স্থান কততম?
(a) 30 (b) 31 (c) 29 (d) 28
58. B, E-র তুলনায় লম্বা কিন্তু F-এর তুলনায় বেঁটে। F-এর উচ্চতা A-এর থেকে কম। C, D -এর তুলনায় বেঁটে, কিন্তু A-এর তুলনায় লম্বা। এদের মধ্যে কে সবচেয়ে বেঁটে?
(a) C (b) B (c) A (d) E
59. যদি '–' মানে '×', '=' মানে '+' ? মানে '–', '+' মানে '÷' হয় তবে 5 – 9 = 7 ? 9 + 3 = 6-এর মান কত?
(a) 43 (b) 105 (c) 55 (d) 10
60. 2002 সালের 1 জানুয়ারি শুক্রবার ছিল। এই সালের পরবর্তী কোন মাস শুক্রবার দিয়ে শুরু হবে?
(a) অক্টোবর (b) মে (c) জুন (d) অগস্ট
61. যদি a = 11(158) 14 এবং b = 17(225) 13 হয়, তাহলে C = 15(?) 12 -এর স্থানে কত হবে?
(a) 180 (b) 166 (c) 184 (d) 174
62. যদি CHARCOAL-কে 45164913 এবং MORALE-কে 296137 হিসাবে লেখা হয় তাহলে ALLOCHRE-কে কী লেখা হবে?
(a) 19943785 (b) 13394567 (c) 16693895 (d) 13396875
63. ক'টি ত্রিভুজ আছে?



(a) 9 (b) 10 (c) 11 (d) 12
64. 5-এর বিপরীতে কোন সংখ্যা হবে?




এরপর এগারোর পাতায়

শেষ মুহূর্তের মহড়া

# রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*পরীক্ষা ২৪ জুন*

1. উড়তে না জানা পাখিদের মধ্যে ক্ষুদ্রতম কোনটি?
(a) কিউই (b) টুনটুনি (c) ঘেরিয়া (d) পেঙ্গুইন
2. যখন কোনও বস্তুকে বিষুবরেখা থেকে মেরুতে নিয়ে যাওয়া হয় তখন তার ওজন:
(a) একই থাকে (b) কমে (c) বাড়ে (d) অর্ধেক হয়
3. বাদুড় রাতে উড়তে পারে কেন?
(a) তারা রাতে ভালো দেখে (b) আল্ট্রাসোনিক তরঙ্গের সহায়তায় (c) তারা রাতে ভালো দেখতে পায় না (d) কোনওটিই নয়
4. অগ্নিনির্বাপক যন্ত্রে কোন গ্যাস ব্যবহৃত হয়?
(a) কার্বন মনোক্সাইড (b) কার্বন ডাইঅক্সাইড (c) সালফার ডাইঅক্সাইড (d) নাইট্রাস অক্সাইড
5. ভিনিগারের মধ্যে কোন অ্যাসিড থাকে?
(a) অ্যাসেটিক অ্যাসিড (b) টারটারিক অ্যাসিড (c) কাইনিন (d) ক্লোরিজেন
6. 'রাম ও রহিম এক এবং অভিন্ন'— কে বলেছেন?
(a) কবির (b) রামদাস (c) চৈতন্য (d) রামানুজ
7. কার পর রাজিয়া সিংহাসনে বসেন?
(a) বাহরাম (b) কুতুবউদ্দিন আইবক (c) ইলতুৎমিস (d) রুকনুদ্দিন ফিরোজ
8. বৌদ্ধধর্মগ্রন্থ ত্রিপিটক কোন ভাষায় রচিত?
(a) অর্ধ-মাগধী (b) সংস্কৃত (c) পালি (d) প্রাকৃত
9. পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) ইয়াহিয়া খান (b) লিয়াকত আলি খান (c) আয়ুব খান (d) মহম্মদ আলি জিন্নাহ
10. চাঁদ ও পৃথিবীর অনুসূর অবস্থানে যে জোয়ারভাটা হয়, তাকে কী বলে?
(a) অ্যাপেজিয়ান জোয়ার (b) পেরিজিয়ান জোয়ার (c) a এবং b দুটোই সত্য (d) কোনওটিই নয়
11. পশ্চিমবঙ্গের কোন নদীতে জোয়ারভাটা হয়?
(a) ভাগীরথী (b) জলঙ্গি (c) যমুনা (d) হুগলি
12. 2017 সাহিত্যে নোবেল পুরস্কার পেলেন জাপানের:
(a) Kazuo Ishiguro (b) Kazuo Ranbaxi (c) Jeson Ishirguro (d) Mila Ranbaxi
13. মানুষের সামনের দাঁতকে বৈজ্ঞানিক পরিভাষায় কী বলা হয়?
(a) প্রিমোলার (b) মোলার (c) ক্যানাইন (d) ইন্সিসর
14. এপিকালচার নীচের কোনটি উৎপাদনের বৈজ্ঞানিক বিধি?
(a) মধু (b) আপেল (c) রেশম (d) লাক্ষা
15. রেশমকীটের খাদ্য নীচের কোনটি?
(a) সুন্দরী পাতা (b) শালপাতা (c) তুঁত গাছের পাতা (d) সেগুন পাতা
16. আফিং-এ কী থাকে?
(a) ক্যাফিন (b) নিকোটিন (c) কুইনাইন (d) মরফিন
17. জৈনদের মতে জৈনধর্মের প্রবর্তক কে?
(a) ঋষভনাথ (b) মহাবীর (c) অরিষ্টনেমি (d) পার্শ্বনাথ
18. ফা-হিয়েন কার রাজত্বকালে ভারতে আসেন?
(a) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (b) সমুদ্রগুপ্ত (c) হর্ষবর্ধন (d) চন্দ্রগুপ্ত মৌর্য
19. কোন ইংরেজ ইস্ট-ইন্ডিয়া কোম্পানির প্রতিনিধি হিসেবে জাহাঙ্গিরের রাজসভায় আসেন?
(a) জন চার্নক (b) স্যার টমাস রো (c) উইলিয়াম হকিন্স (d) কোনওটিই নয়
20. উপগ্রহ থেকে পাওয়া তথ্য অনুযায়ী ভারতের বনাঞ্চল:
(a) হ্রাস পেয়েছে (b) বৃদ্ধি পেয়েছে (c) স্থির (d) উন্মুক্ত
21. ভারতের পূর্ব-পশ্চিম সীমান্তের সময়ের পার্থক্য হয়:
(a) 116 মিনিট (b) 60 মিনিট (c) 120 মিনিট (d) 16 মিনিট
22. সমাক্ষরেখার মধ্যে একমাত্র মহাবৃত্ত:
(a) নিরক্ষরেখা (b) উত্তর অক্ষরেখা (c) মকরক্রান্তি রেখা (d) কোনওটিই নয়
23. কোনও স্থান ও তার প্রতিপাদ স্থানের মধ্যে সময়ের পার্থক্য কত?
(a) 13 ঘণ্টা (b) 14 ঘণ্টা (c) 12 ঘণ্টা (d) 24 ঘণ্টা
24. ভারতের শক্তির বৃহত্তম উৎস কোনটি?
(a) জলবিদ্যুৎ (b) সৌরবিদ্যুৎ (c) তাপবিদ্যুৎ (d) পারমাণবিক বিদ্যুৎ
25. কোরিয়া ওপেন ব্যাডমিন্টন চ্যাম্পিয়ানশিপ 2017 সোনা জিতলেন ভারতের:
(a) পি ভি সিন্ধু (b) সানিয়া মির্জা (c) লিয়েন্ডার পেজ (d) মহেশ ভূপতি
26. নেকটন হল:
(a) জলে সন্তরণশীল জীব (b) জলে ভাসমান জীব (c) জলে নিমজ্জমান জীব (d) জলজ উদ্ভিদের সঙ্গে সংবদ্ধ প্রাণী
27. একটি বস্তুর পাঁচটি প্রতিবিম্ব পেতে হলে দু'টো সমতল দর্পণকে কত কোণে রাখতে হবে?
(a) 72° (b) 60° (c) 36° (d) 90°
28. ভিন্ন ভরের দু'টি বস্তুর গতিশক্তি সমান। কার ভরবেগ বেশি হবে?
(a) ভারী বস্তুর (b) হালকা বস্তুর (c) a এবং b দুটোই সমান (d) বলা সম্ভব নয়
29. কোনও কণা পরমাণুকেন্দ্রকে যোগ করলে তার রাসায়নিক ধর্ম অপরিবর্তিত থাকে, তাকে কী বলে?
(a) প্রোটন (b) ইলেকট্রন (c) আলফা কণা (d) নিউট্রন
30. আলোকবর্ষ কীসের একক?
(a) সময়ের (b) দূরত্বের (c) আলোর (d) গ্রহের ভর
31. কোনটি তড়িতের সবচেয়ে ভালো পরিবাহী?
(a) অ্যালুমিনিয়াম (b) তামা (c) রুপো (d) লোহা

এরপর এগারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

(a) 1 (b) 2 (c) 3 (d) 6

65. যদি water-কে Food বলা হয়, Food-কে Tree বলা হয়, Tree-কে Sky বলা হয় এবং Sky-কে Well বলা হয়, তাহলে Fruit কোথায় হয়?

(a) Well (b) Food (c) Tree (d) Sky

66. নৃত্যশিল্পী, অভিনেতা, অবিবাহিত কোন ছবিকে নির্দেশ করছে?



(a) (b) (c) (d)

67. কোনটি মানানসই চিত্র নয়?

(a) △ (b) □ (c) ⬡ (d) ○

68. যদি vowel গুলি ইংরেজি বর্ণমালা থেকে বাদ দেওয়া হয় তবে শুরু থেকে 10ম বর্ণটি কী হবে?

(a) Q (b) P (c) M (d) T

69. একটি বহুভুজের বাহুর সংখ্যা 4 হলে তার কর্ণের সংখ্যা কত?

(a) 2 (b) 4 (c) 6 (d) 8

70. একটি বিদায় সংবর্ধনায় 50 জন ছাত্র উপস্থিত ছিল। প্রত্যেকে প্রত্যেকের সঙ্গে করমর্দন করলে করমর্দনের মোট সংখ্যা কত হবে?

(a) 2500 (b) 100 (c) 1225 (d) 2000

71. একজন ব্যক্তির 9টি প্রতিবিম্ব হলে দু'টি আয়নাকে কত ডিগ্রি কোণে রাখতে হবে?

(a) $60^\circ$ (b) $45^\circ$ (c) $40^\circ$ (d) $36^\circ$

72. 0, 3, 8, __?__ , 24

(a) 16 (b) 15 (c) 18 (d) 20

73.

| | | |
|---|---|---|
| 4 | 6 | 9 |
| 12 | 6 | 3 |
| 6 | ? | 6 |
| 2 | 6 | 18 |

(a) 5 (b) 6 (c) 7 (d) 10

74.

| | | |
|---|---|---|
| 5 | 4 | 4 |
| 4 [8] 6 | 5 [7] 6 | 5 [8] ? |
| 7 | 8 | 7 |

(a) 7 (b) 8 (c) 5 (d) 6

75. পালাম : দিল্লি : : সান্তাক্রুজ : ?

(a) চেন্নাই (b) মুম্বই (c) বেঙ্গালুরু (d) কলকাতা

76. 4 বছরের মোট সুদ, আসলের $\frac{8}{25}$ অংশ হলে, বার্ষিক সুদের হার কত?

(a) 6% (b) $7\frac{1}{2}$ % (c) 7% (d) 8%

77. কোনও আসল বার্ষিক 12% সরল সুদে কত বছরে 4 গুণ হবে?

(a) 24 (b) 25 (c) 30 (d) 36

78. কত টাকা বার্ষিক 8% সরল সুদে 5 বছর জমা রাখলে সুদে আসলে 840 টাকা হবে?

(a) 620 টাকা (b) 540 টাকা (c) 450 টাকা (d) 600 টাকা

79. যদি কোনও আসল $7\frac{1}{2}$ বছরে সুদে-আসলে দ্বিগুণ হয়, তাহলে বার্ষিক সুদের হার কত?

(a) $7\frac{1}{2}$ % (b) 15% (c) 12% (d) $13\frac{1}{3}$ %

80. কোনও টাকার 5 বছরের সুদ-আসল 1920 টাকা এবং 7 বছরের সুদ-আসল 2208 টাকা। বার্ষিক সুদের হার কত?

(a) 12% (b) 10% (c) $12\frac{1}{2}$ % (d) $8\frac{1}{3}$ %

81. 225 এবং 226-এর বর্গের পার্থক্য কত?

(a) 451 (b) 51 (c) 1 (d) কোনওটিই নয়

82. 200 –2000-এর মধ্যে পূর্ণবর্গসংখ্যা ক'টি?

(a) 28টি (b) 30টি (c) 29টি (d) 3টি

83. $\sqrt{?} \times \sqrt{529} = 736$ হলে? স্থানে কোন সংখ্যাটি বসবে?

(a) 32 (b) 1296 (c) 1024 (d) 784

84. $\sqrt{0.2} = ?$

(a) 0.632 (b) 0.447 (c) 0.2 (d) 0.02

85. পাঁচ অঙ্কের বৃহত্তম পূর্ণবর্গসংখ্যা কত?

(a) 99856 (b) 99225 (c) 99999 (d) কোনওটিই নয়

86. তিনটি সংখ্যার অনুপাত 2 : 3 : 7 এবং তাদের ল.সা.গু. 252 হলে গ.সা.গু. কত?

(a) 9 (b) 8 (c) 4 (d) 6

87. দু'টি দ্রব্যের মূল্য তৃতীয় দ্রব্যের মূল্য অপেক্ষা যথাক্রমে 60% এবং 20% বেশি। তবে দ্বিতীয় দ্রব্যটি প্রথম দ্রব্যের কত শতাংশ?

(a) 80% (b) 60% (c) 65% (d) 75%

88. 18265 থেকে কোন ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

(a) 50 (b) 10 (c) 30 (d) 40

89. $(5.3 + 3.5)^2 + (5.3 - 3.5)^2 = ?$

(a) 80 (b) 40.38 (c) 80.68 (d) 80.38

90. একটি সংখ্যাকে প্রথমে 20% বাড়িয়ে পরে আবার 20% বাড়ালে মোটের ওপর কত বাড়বে?

(a) 44% (b) 40% (c) 36% (d) 42%

91. দু'জন শ্রমিকের মাসিক মজুরির অনুপাত 4 : 7 এবং মাসিক মজুরির পার্থক্য 363 টাকা। দু'জনের মোট মাসিক মজুরি কত?

(a) 1331 টাকা (b) 1540 টাকা (c) 1455 টাকা (d) 1342 টাকা

92. 40 – 200-এর মধ্যে 7-এর গুণিতকগুলির সমষ্টি কত?

(a) 3437 (b) 2737 (c) 3547 (d) 3237

93. 3 জন ছাত্রের বয়সের গড় 12 বছর। তাদের বয়সের অনুপাত 3 : 4 : 5 হলে বড় ছাত্রটির বয়স কত?

(a) 17 বছর (b) 15 বছর (c) 8 বছর (d) 14 বছর

94. যদি একটি নল দ্বারা কোনও চৌবাচ্চার $\frac{3}{5}$ অংশ পূর্ণ করতে 21 মিনিট সময় লাগে তবে 15 মিনিটে চৌবাচ্চার কত অংশ পূর্ণ হবে?

(a) $\frac{7}{3}$ অংশ (b) $\frac{2}{7}$ অংশ (c) $\frac{5}{7}$ অংশ (d) $\frac{3}{7}$ অংশ

95. একটি 80 টাকা মূল্যের দ্রব্যের দাম 25% বেড়ে পরে 25% কমে গেল। এখন দ্রব্যটির দাম কত হবে?

(a) 78 টাকা (b) 72 টাকা (c) 75 টাকা (d) 76 টাকা

96. 15 জন ব্যক্তির গড় বয়স 29 বছর। তাদের মধ্যে আবার দু'জন ব্যক্তির গড় বয়স 55 বছর। তাহলে বাকি 13 জনের গড় বয়স কত?

(a) 25 বছর (b) 29 বছর (c) 27 বছর (d) 26 বছর

97. একজন ব্যক্তি একটি দ্রব্য 3432 টাকায় বিক্রি করলে ক্রয়মূল্যের ওপর 10% লাভ হয়। সেটি কত টাকায় বিক্রি করলে 20% লাভ হবে?

(a) 3744 টাকা (b) 3554 টাকা (c) 3664 টাকা (d) 3504 টাকা

98. 512-কে কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গসংখ্যা হবে?

(a) 4 (b) 2 (c) 8 (d) 1

99. কোনও সংখ্যার বর্গ থেকে $(78)^2$ বিয়োগ করলে বিয়োগফল হয় 6460। সংখ্যাটি কত?

(a) 112 (b) 115 (c) 109 (d) 113

100. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং গ.সা.গু. 4 হলে, ল.সা.গু. কত?

(a) 48 (b) 72 (c) 24 (d) 36

#### উত্তর

1(c), 2(a), 3(b), 4(b), 5(b), 6(c), 7(b), 8(c), 9(c), 10(a), 11(a), 12(a), 13(a), 14(b), 15(c), 16(a), 17(c), 18(b), 19(a), 20(c), 21(a), 22(d), 23(c), 24(a), 25(b), 26(b), 27(c), 28(c), 29(b), 30(b), 31(a), 32(d), 33(a), 34(b), 35(a), 36(d), 37(c), 38(b), 39(c), 40(c), 41(d), 42(c), 43(c), 44(c), 45(b), 46(b), 47(d), 48(a), 49(c), 50(b), 51(c), 52(c), 53(b), 54(a), 55(b), 56(c), 57(b), 58(d), 59(c), 60(a), 61(c), 62(b), 63(d), 64(b), 65(d), 66(c), 67(d), 68(c), 69(a), 70(c), 71(d), 72(b), 73(b), 74(d), 75(a), 76(d), 77(b), 78(d), 79(d), 80(a), 81(a), 82(b), 83(c), 84(b), 85(a), 86(d), 87(d), 88(d), 89(c), 90(a), 91(a), 92(b), 93(b), 94(d), 95(c), 96(a), 97(a), 98(b), 99(a), 100(a).

#### সমাধান

76(d): 100 টাকা আসল হলে, সুদ $= 100 \times \frac{8}{25} = 32$ টাকা

∴ বার্ষিক সুদের হার $= 32 \div 4 = 8\%$.

77(b): আসল 100 টাকা হলে, সুদ-আসল = 400 টাকা

∴ সুদের পরিমাণ = (400 – 100) = 300 টাকা

∴ সুদের নির্ণেয় মেয়াদ = 300 ÷ 12 = 25 বছর।

78(d): আসলের $\{100 + (8 \times 5)\}\% = 140\% = 800$ টাকা

∴ আসল 100% = 600 টাকা।

79(d): নির্ণেয় সুদের হার $= 100 \div 7\frac{1}{2}\% = 13\frac{1}{3}\%$.

80(a): ( 7 – 5) = 2 বছরের সুদ = (2208 – 1920)

বা, 288 টাকা হলে 5 বছরের সুদ $= 288 \times \frac{5}{2} = 720$ টাকা

অর্থাৎ আসল = (1920 – 720) = 1200 টাকা

∴ নির্ণেয় সুদের হার = 12%

81(a): $(226)^2 - (225)^2 = (226 + 225)(226 - 225) = 451$.

82(b): 200 থেকে বড় পূর্ণবর্গসংখ্যা $= (15)^2 = 225$ এবং 2000 এর থেকে ছোট শেষ পূর্ণবর্গসংখ্যা $= (44)^2 = 1936$

∴ 15 থেকে 44 মোট সংখ্যা = (44 – 15 + 1) = 30টি।

83(c): $\sqrt{?} = \frac{736}{\sqrt{529}} = 32$ ∴ $? = (32)^2 = 1024$.

84(b): $\sqrt{0.2} = 0.447$.

85(a): পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা = 99999

```
      99999 |316
      9
 61 | 99
    | 61
626 | 3899
    | 3756
      143
```

∴ নির্ণেয় পূর্ণবর্গ সংখ্যা = (99999 – 143) = 99856.

86(d): 2, 3, 7-এর ল.সা.গু. = 42 এবং গ.সা.গু. = 252 ÷ 42 = 6.

87(d): দ্বিতীয় দ্রব্যটি প্রথম দ্রব্যের $= \left(\frac{100+20}{100+60}\right)\% = \frac{120}{160} \times 100 = 75\%$.

88(d): $18265 = (135)^2 + 40$

∴ ক্ষুদ্রতম সংখ্যা = 40.

89(c): 5.3 = a এবং 3.5 = b হলে, $(a + b)^2 + (a - b)^2$
$= 2(a^2 + b^2) = 2\{(5.3)^2 + (3.5)^2\} = 2(28.09 + 12.25) = 2 \times 40.34$
$= 80.68$.

90(a): বৃদ্ধির হার $= \left(20 + 20 + \frac{20 \times 20}{100}\right)\% = 44\%$.

91(a): দু'জনের মোট মজুরি $= 363 \times \frac{4+7}{7-4} = 1331$ টাকা।

92(b): প্রথম গুণিতক 42 এবং শেষ গুণিতক 196

∴ মোট পদসংখ্যা $= \frac{196-42}{7} + 1 = 23$

∴ নির্ণেয় সমষ্টি $= \frac{23}{2}(42 + 196) = 2737$.

93(b): 3 জনের মোট বয়স = 12 × 3 = 36 বছর

∴ বড় ছাত্রের বয়স $= 36 \times \frac{5}{3+4+5} = 15$ বছর।

94(d): নির্ণেয় অংশ x হলে $\frac{15}{x} = \frac{21}{3/5}$, $x = 15 \times \frac{3/5}{21} = \frac{3}{7}$ অংশ।

95(c): 25% বাড়লে হবে $80 \times \frac{125}{100} = 100$ টাকা

25% কমলে হবে $100 \times \frac{75}{100} = 75$ টাকা।

96(a): 15 জনের গড় বয়স (15 × 29) বছর = 435 বছর

2 জনের মোট বয়স (2 × 55) = 110 বছর

2 জনকে বাদ দিলে মোট বয়স = (435 – 110) = 325 বছর

13 জনের গড় বয়স = 325 ÷ 13 = 25 বছর।

97(a): ক্রয়মূল্যের 110% = 3432 টাকা

∴ $120\% = \frac{3432}{110} \times 120\% = 3744$ টাকা।

98(b): 512 = 2 × 256 = 2 × 16 × 16

∴ ক্ষুদ্রতম 2 দিয়ে গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গসংখ্যা হবে।

99(a): সংখ্যাটি x ধরি

$x^2 - 78^2 = 6460, x^2 = 6460 + 6084 = x^2 = 12544, x = \sqrt{12544} = 112$.

100(a): ল.সা.গু. = গ.সা.গু. × আনুপাতিক পদগুলির গুণফল

∴ 4 × (3 × 4) = 48.

## ২৫৫০ মহিলা কনস্টেবল

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

32. আলোর বেগ কার ভিতরে সর্বাধিক?

(a) জল (b) বায়ু (c) ইস্পাত (d) শূন্য মাধ্যম

33. ক্যানসার চিকিৎসায় কীসের ব্যবহার আছে?

(a) লোহা (b) রুপো (c) কোবাল্ট (d) সোনা

34. রাডার যন্ত্রটির আবিষ্কর্তা কে?

(a) জেমস ওয়াট (b) জে সি বসু (c) রবার্ট ওয়াটসন (d) জে এল বেয়ার্ড

35. লালা হরদয়াল ছিলেন:

(a) অনুশীলন সমিতির নেতা (b) গদর দলের নেতা (c) স্বরাজ্য দলের নেতা (d) হিন্দুস্থান রিপাবলিকের নেতা

36. বন্দিপুর জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?

(a) রাজস্থান (b) অন্ধ্রপ্রদেশ (c) কর্নাটক (d) হিমাচল প্রদেশ

37. পরেশনাথ পাহাড় কোথায় অবস্থিত?

(a) ছোটনাগপুরের মালভূমিতে (b) দাক্ষিণাত্যের মালভূমিতে (c) গুজরাটের পার্বত্য অঞ্চলে (d) কোনওটিই নয়

38. বায়ুমণ্ডলের সর্বপ্রধান গ্যাসীয় উপাদান কী?

(a) অক্সিজেন (b) হাইড্রোজেন (c) নাইট্রোজেন (d) কার্বন ডাইঅক্সাইড

39. শ্রীনগর কোন নদীর তীরে অবস্থিত?

(a) রেবা (b) তাপ্তি (c) ঝিলম (d) চম্বল

40. UEFA Super Cup-2017 জয়লাভ করল:

(a) বার্সেলোনা (b) ম্যাঞ্চেস্টার ইউনাইটেড (c) লিভারপুল (d) রিয়াল মাদ্রিদ

41. 'বিহু' ভারতের কোন রাজ্যের একটি বিখ্যাত উৎসব?

(a) জম্মু ও কাশ্মীর (b) নাগাল্যান্ড (c) কেরল (d) অসম

42. পরমবীর চক্রের ওপর কোন ফুলের ছবি থাকে?

(a) গোলাপ (b) পদ্ম (c) ডালিয়া (d) রজনীগন্ধা

43. 'গরিবি হঠাও' কর্মসূচি কোন পরিকল্পনাকালে গৃহীত হয়?

(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ

44. রবীন্দ্রনাথের কোন গল্পের নায়কের নাম ছিল শ্রী ফণীভূষণ সাহা?

(a) মণিহারা (b) অতিথি (c) নষ্টনীড় (d) গুপ্তধন

45. 'ব্ল্যাক ব্র্যাডম্যান' কোন ক্রিকেটারের ডাকনাম?

(a) জর্জ হ্যাডলি (b) গারফিল্ড সোবার্স (c) ম্যালকম মার্শাল (d) ল্যারি গোমস

46. 'সাগিনা মাহাতো' নামক বিখ্যাত উপন্যাসটি কার লেখা?

(a) গৌরকিশোর ঘোষ (b) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (c) সমরেশ বসু (d) বিমল মিত্র

47. একটি ওয়াটার পোলো দলে কতজন সদস্য থাকে?

(a) 4 জন (b) 5 জন (c) 6 জন (d) 7 জন

48. 'হরি দিন তো গেল, সন্ধ্যা হলো পার করো আমারে' —এই গানটির রচয়িতা কে?

(a) হরিনাথ মজুমদার (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) সত্যজিৎ রায় (d) অতুলপ্রসাদ সেন

49. পশ্চিমবঙ্গের কোন জেলা আমের ফলনের জন্য বিখ্যাত?

(a) দার্জিলিং (b) কোচবিহার (c) মালদহ (d) হাওড়া

50. 'কুলভূষণ পণ্ডিত' কোন বিখ্যাত অভিনেতার আসল নাম?

(a) রাজকুমার (b) নানা পাটেকর (c) রাজেন্দ্র কুমার (d) জিতেন্দ্র

এরপর বারোর পাতায়

প্রস্তুত করেছেন: সৃষ্টিধর বেরা

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

51. P ও Q-এর মধ্যে কিছু অর্থ $3\frac{1}{2} : 5\frac{1}{2}$ অনুপাতে ভাগ করা হল। যদি P, Q-এর থেকে 180 টাকা কম পায়, তবে Q কত টাকা পেল?
(a) 315 টাকা (b) 495 টাকা (c) 630 টাকা (d) 810 টাকা

52. 75 এর সঙ্গে কোনও সংখ্যার 75% যোগ করলে উত্তর সেই সংখ্যাটিই হয়? সংখ্যাটি কী?
(a) 225 (b) 325 (c) 270 (d) 300

53. কিছু টাকা A, B, C -এর মধ্যে এমনভাবে ভাগ করা হল যাতে A, B-এর দ্বিগুণ টাকা এবং B, C-এর 4 গুণ টাকা পায়। তাদের অংশের অনুপাত কত?
(a) 1 : 2 : 4 (b) 1 : 4 : 1 (c) 8 : 4 : 1 (d) 2 : 4 : 1

54. এক ব্যক্তি 8600 টাকা 5 পুত্র, 4 কন্যা এবং 2 ভ্রাতুষ্পুত্রের মধ্যে এমনভাবে ভাগ করে দিলেন যাতে প্রতি কন্যা, প্রতি ভ্রাতুষ্পুত্রের 4 গুণ টাকা এবং প্রতি পুত্র, প্রতি ভ্রাতুষ্পুত্রের 5 গুণ টাকা পায়। প্রতি কন্যা কত টাকা পেল?
(a) 180 টাকা (b) 600 টাকা (c) 800 টাকা (d) 1000 টাকা

55. একটি ট্রেন 45 কিমি/ঘণ্টা বেগে চলেছে। বিপরীত দিক থেকে 5 কিমি/ঘণ্টা বেগে এগিয়ে আসা এক ব্যক্তিকে ট্রেনটি 18 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?
(a) 200 (b) 220 (c) 180 (d) 250

56. x-এর 20% = y-এর 30% হলে, y = x এর কত শতাংশ?
(a) 25% (b) $\frac{200}{3}$ % (c) 50% (d) 150%

57. তিনটি সংখ্যার অনুপাত 5 : 7 : 9 এবং প্রথম ও তৃতীয় সংখ্যার যোগফল দ্বিতীয় সংখ্যা অপেক্ষা 49 বেশি। সংখ্যা তিনটির যোগফল কত?
(a) 147 (b) 148 (c) 145 (d) 146

58. 160-এর 15% এর সঙ্গে কত যোগ করলে যোগফল 240 এর 25%-এর সমান হবে?
(a) 30 (b) 36 (c) 32 (d) 31

59. অমর 45000 টাকা দিয়ে একটি ব্যবসা শুরু করেন। 6 মাস পর প্রকাশ 30000 টাকা নিয়ে ব্যবসাতে যোগ দেন। বছরের শেষে কী অনুপাতে লভ্যাংশ বণ্টিত হবে?
(a) 3 : 1(b) 3 : 4 (c) 3 : 2 (d) কোনওটিই নয়

60. A, B এবং C যথাক্রমে 2700 টাকা, 8100 টাকা এবং 7200 টাকা নিয়ে একটি যৌথ ব্যবসা শুরু করেন। বছরের শেষে B, 3600 টাকা লভ্যাংশ পেলে মোট লাভ কত?
(a) 5500 টাকা (b) 6500 টাকা (c) 8000 টাকা (d) 9000 টাকা

61. A 2100 টাকা মূলধন নিয়ে একটি ব্যবসা শুরু করে। 4 মাস পর B তার সঙ্গে ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে উভয়ে একই পরিমাণ টাকা লভ্যাংশ পেলে B, কত টাকা নিয়ে ব্যবসায় যোগ দেয়?
(a) 300 টাকা (b) 4120 টাকা (c) 3150 টাকা (d) 3600 টাকা

62. A ও B যথাক্রমে 3000 টাকা ও 4000 টাকা নিয়ে একটি ব্যবসা শুরু করে। A ব্যবসা চালানোর জন্য লভ্যাংশ থেকে প্রতি মাসে 10 টাকা হিসেবে বেতন পায় এবং বাকি লভ্যাংশ মূলধনের অনুপাতে বণ্টিত হয়। কোনও এক বছর A মোট 390 টাকা লভ্যাংশ পেলে, B কত টাকা পায়?
(a) 630 টাকা (b) 360 টাকা (c) 480 টাকা (d) 380 টাকা

63. 6 বছর পর সুদআসলের 30% হলে, কত বছর পরে আসলের সমান হবে?
(a) 20 (b) 30 (c) 10 (d) 22

64. প্রথম 9টি মৌলিক সংখ্যার গড় কত?
(a) 9 (b) 11 (c) $11\frac{2}{9}$ (d) $11\frac{1}{9}$

65. পরপর 5টি জোড়সংখ্যার গড় 10 হলে, মাঝের সংখ্যাটি কত?
(a) 16 (b) 14 (c) 12 (d) 10

66. পরপর চারটি বিজোড় সংখ্যার গড় 12 হলে, সর্বনিম্ন কোনটি?
(a) 9 (b) 3 (c) 5 (d) কোনওটিই নয়

67. এক ব্যক্তির ভাতা (D.A) মূল বেতনের 140%। ভাতাসহ মূল বেতন 36000 টাকা হলে, মূল বেতন কত টাকা?
(a) 15000 (b) 10000 (c) 12000 (d) 16000

68. একটি ছাত্রের 10টি পরীক্ষায় নম্বরের গড় 80। সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বর না ধরলে গড় হয় 81। যদি সর্বোচ্চ নম্বর 92 হয়, তবে সর্বনিম্ন নম্বর কত?
(a) 55 (b) 62 (c) 61 (d) 60

69. এক ফল বিক্রেতা তার সমস্ত আপেলের 40% আপেল বিক্রি করে দেখল 420টি আপেল অবশিষ্ট আছে। মোট আপেলের সংখ্যা কত ছিল?
(a) 588 (b) 600 (c) 672 (d) 700

70. 40 কিমি/ঘণ্টা এবং 22 কিমি/ঘণ্টা বেগে একই দিকে গতিশীল দু'টি ট্রেন পরস্পরকে 1 মিনিটে অতিক্রম করে। প্রথম ট্রেনটির দৈর্ঘ্য 125 মিটার হলে, দ্বিতীয় ট্রেনের দৈর্ঘ্য কত মিটার?
(a) 157 (b) 175 (c) 425 (d) 300

71. 1টি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 4। ওই বাক্সে মোট 393 টাকা থাকলে, মোট কতগুলি মুদ্রা ছিল?
(a) 1001 (b) 915 (c) 895 (d) 917

72. 5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর গড় বয়স ছিল 23 বছর। বর্তমানে স্বামী-স্ত্রী ও একমাত্র সন্তানের গড় বয়স 20 বছর। সন্তানের বর্তমান বয়স কত?
(a) 1 বছর (b) 2 বছর (c) 3 বছর (d) 4 বছর

73. চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম কোন সংখ্যাকে 12, 18 এবং 27 দ্বারা ভাগ করলে ক্রমান্বয়ে 10, 16 এবং 25 ভাগশেষ থাকবে?
(a) 9934 (b) 9936 (c) 9914 (d) 9938

74. এক ব্যক্তি দ্বিতীয় দিন 120 কিমি পথ ভ্রমণ করে দেখল যে প্রথম ও দ্বিতীয় দিনের ভ্রমণপথের অনুপাত 5 : 6। তৃতীয় দিনে কত কিমি পথ ভ্রমণ করলে প্রথম ও তৃতীয় দিনের ভ্রমণপথের অনুপাত হবে 4 : 5?
(a) 100 কিমি (b) 110 কিমি (c) 120 কিমি (d) 125 কিমি

75. একটি বাইসাইকেল B-কে 15% লাভে এবং B ওই বাইসাইকেলটি C-কে 20% লাভে বিক্রয় করে। তবে মোট প্রকৃত লাভ কত?
(a) 38% (b) 35% (c) 36% (d) 34%

76. A একটি কাজ 5 দিনে, B 4 দিনে এবং A, B ও C একত্রে কাজটি 2 দিনে করতে পারে। C একা কাজটি কতদিনে করবে?
(a) 25 দিনে (b) 12 দিনে (c) 15 দিনে (d) 20 দিনে

77. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসরের একটি রাস্তা আছে। রাস্তার ভিতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 88 মিটার হলে রাস্তার প্রস্থ কত?
(a) 7 মিটার (b) 3.5 মিটার (c) 14 মিটার (d) 10.5 মিটার

78. কোনও বহুভুজের অন্তঃকোণগুলির সমষ্টি 1620°। বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 10 (b) 11 (c) 12 (d) 15

79. 1 থেকে 400 পর্যন্ত জোড়সংখ্যাগুলির যোগফল কত?
(a) 160000 (b) 80200 (c) 40200 (d) কোনওটিই নয়

80. 1, 2, 3, 5 ও 7 সংখ্যাগুলি একবারমাত্র ব্যবহার করে 5 অঙ্কের কতগুলি সংখ্যা গঠন করা যায় যেগুলি 125 দ্বারা বিভাজ্য?
(a) 5টি (b) 12টি (c) 4টি (d) 8টি

81. সব প্রতিযোগিতায় থাকা উচিত:
(a) দর্শক (b) প্রতিযোগী (c) পুরস্কার (d) বিচারক

82. কোনও একটি সাংকেতিক ভাষায় Ranger-কে Renger লেখা হল। তাহলে Table-কে কী লেখা হবে?
(a) Table (b) Elbat (c) Telbat (d) Tlbat

83. নাটক : পরিচালক : ম্যাগাজিন : ?
(a) মুদ্রক (b) প্রকাশক (c) সম্পাদক (d) নাটক

84. যদি 3 = 0, 4 = 4, 5 = 10, 6 = 18 হয় তাহলে 7 = ?
(a) 21 (b) 28 (c) 42 (d) 24

85. নীচের শব্দগুলি ক্রমানুসারে সাজালে কোনটি তৃতীয় স্থানে বসবে?
শিশু, বাবা, বিয়ে, স্ত্রী, চাকরি
(a) বিয়ে (b) বাবা (c) শিশু (d) স্ত্রী

86. সম্পর্ক বের করুন:
ধোঁয়া : দূষণ : : যুদ্ধ : ?
(a) জয় (b) শান্তি (c) সন্ধি (d) ধ্বংস

87. প্রদত্ত বিকাশগুলি সম্পূর্ণ করুন:
(a) মিজোরাম (b) সিকিম (c) কোহিমা (d) মণিপুর

88. জিজ্ঞাসা চিহ্নিত স্থানে কী বসবে?
(a) 35 (b) 32 (c) 22 (d) 19




89. নীচের শব্দগুলিকে অর্থবহ ক্রমে সাজান:
1. হাতি 2. বিড়াল 3. মশা 4. বাঘ 5. তিমি
(a) 5, 3, 1, 2, 4 (b) 1, 3, 5, 4, 2 (c) 3, 2, 4, 1, 5 (d) 2, 5, 1, 4, 3

90. চারটি বিকল্পের মধ্যে কোন শব্দটি প্রদত্ত শব্দ থেকে সৃষ্টি করা যায় না?
EFFICIENT
(a) EFFACE (b) FEINT (c) FENCE (d) NICE

91. কোনও সাংকেতিক ভাষায় DEAR-কে OMKN ও LEAK-কে XMKY লেখা হলে, LEADER-কে কী লেখা হবে?
(a) XMKONM (b) MXOKMN (c) XMKOMN (d) YKMONM

92. সাইকোলজি : মন : : হর্টিকালচার : ?
(a) মৌমাছি (b) অরণ্য (c) বাগান (d) মৃত্তিকা

93. 10 : 100 : : ? : 1728
(a) 11 (b) 13 (c) 8 (d) 12

94. আলু = ফল, বেগুন = কন্দ, আদা = ফুল এবং কন্দ = সবজি হলে, বেগুন কী হবে?
(a) সবজি (b) ফল (c) ফুল (d) কন্দ

95. কোন অক্ষরগুলি নীচের অক্ষর শ্রেণিটিকে পূর্ণ করে?
zyx — w — yzz — xwwxy —.
(a) wxyz (b) wyxz (c) wxzy (d) xyzw

96. কোনটি অসংলগ্ন:
(a) কচ্ছপ (b) সাপ (c) তিমি (d) কাক

97. যদি 'GREAT' শব্দটি দ্বারা '20-9-22-26-7' প্রকাশ করা হয় তবে 'RATE' শব্দটির সাংকেতিক অর্থ কী হবে?
(a) 9-26-7-5 (b) 9-25-7-22 (c) 9-26-7-22 (d) 9-26-7-9

98. কোনটি বিজাতীয়?
(a) (1, 4, 9) (b) (16, 25, 36) (c) (49, 64, 71) (d) (100, 121, 144)

99. A × B × C = 6, D × E × F = 120, H × I × ? = 360
(a) G (b) D (c) E (d) F

100. প্রশ্ন (?) চিহ্নিত স্থানে কী বসবে?

| | | |
|---|---|---|
| 6 | 15 | 20 |
| 8 | 4 | 5 |
| 3 | 5 | 20 |
| 51 | 65 | ? |

(a) 76 (b) 120 (c) 110 (d) 130

### উত্তর

1(a), 2(c), 3(b), 4(b), 5(a), 6(a), 7(c), 8(c), 9(d), 10(b), 11(d), 12(a), 13(d), 14(a), 15(c), 16(d), 17(d), 18(a), 19(c), 20(b), 21(a), 22(a), 23(c), 24(c), 25(a), 26(a), 27(b), 28(a), 29(d), 30(b), 31(c), 32(d), 33(c), 34(c), 35(b), 36(c), 37(a), 38(c), 39(c), 40(d), 41(d), 42(b), 43(d), 44(a), 45(a), 46(a), 47(d), 48(a), 49(c), 50(a), 51(b), 52(d), 53(c), 54(c), 55(d), 56(b), 57(a), 58(b), 59(a), 60(c), 61(c), 62(b), 63(a), 64(d), 65(d), 66(a), 67(a), 68(d), 69(d), 70(b), 71(d), 72(d), 73(a), 74(d), 75(a), 76(d), 77(c), 78(b), 79(c), 80(c), 81(b), 82(a), 83(c), 84(b), 85(c), 86(d), 87(c), 88(d), 89(c), 90(a), 91(c), 92(c), 93(d), 94(d), 95(a), 96(c), 97(c), 98(c), 99(c), 100(b).

### সমাধান

51(b): $P : Q = 3\frac{1}{2} : 5\frac{1}{2} = 7 : 11$
এখন পার্থক্য 4 ভাগ = 180 টাকা
11 ভাগ = $\left(\frac{180}{4} \times 11\right)$ টাকা = 495 টাকা।

52(d): সংখ্যাটি x হলে, $x \times \frac{75}{100} + 75 = x$
বা, 75x + 7500 = 100x বা, 25x = 7500 বা, x = 300.

53(c): A : B = 2 : 1, B : C = 4 : 1
A : B : C = 8 : 4 : 1.

54(c): পুত্র : কন্যা : ভ্রাতুষ্পুত্র = 5 : 4 : 1
5 পুত্র : 4 কন্যা : 2 ভ্রাতুষ্পুত্র = 25 : 16 : 2
4 কন্যা পায় $\left(8600 \times \frac{16}{43}\right) = 3200$ টাকা
প্রতিটি কন্যা পায় = (3200 ÷ 4) = 800 টাকা।

55(d): ট্রেনটির আপেক্ষিক গতিবেগ = (45 + 5) কিমি/ঘণ্টা = 50 কিমি/ঘণ্টা
$= \left(50 \times \frac{5}{18}\right)$ মিটার/সেকেন্ড
ট্রেনটির দৈর্ঘ্য = $\left(50 \times \frac{5}{18} \times 18\right)$ মিটার = 250 মিটার।

56(b): 20% x = 30% y
$\frac{20}{100}x = \frac{30}{100}y,\ y = \frac{2}{3}x$ বা, $y = \frac{200}{3}$ % x.

57(a): সংখ্যাত্রয় 5x, 7x, 9x হলে, 5x + 9x = 7x + 49, x = 7
সংখ্যা তিনটির যোগফল = 5x + 7x + 9x = 21x = 147.

58(b): নির্ণেয় রাশি = 240 × 25% − 160 × 15% = 60 − 24 = 36.

59(a): অমর ও প্রকাশের লাভের অনুপাত = (45 × 12) : (30 × 6) = (90 : 30) = 3 : 1.

60(c): A : B : C = 2700 : 8100 : 7200 = 3 : 9 : 8
মোট লাভের $\frac{9}{20}$ অংশ = 3600 টাকা
মোট লাভ = $\left(3600 \times \frac{20}{9}\right)$ টাকা = 8000 টাকা।

61(c): B -এর মূলধন x টাকা হলে, A ও B -এর লভ্যাংশের অনুপাত = (2100 × 12) : (x × 8) = 3150 : x
এক্ষেত্রে, 3150 : x = 1 : 1 অর্থাৎ x = 3150, B-এর মূলধন = 3150.

62(b): ধরা যাক, বার্ষিক লাভ = x টাকা
A-এর লভ্যাংশ = $(10 \times 12) + (x) \times \frac{3}{7}$
A : B = 3000 : 4000 = 3 : 4
প্রশ্নানুসারে, $120 + \frac{3x}{7} = 390$ বা, x = 630
B-এর লভ্যাংশ = $\left(630 \times \frac{4}{7}\right)$ টাকা = 360 টাকা।

63(a): আসল 100 টাকা হলে, 30 টাকা সুদ হয় 6 বছরে
সুতরাং, 100 টাকার সুদ হবে = $\left(\frac{6}{30} \times 100\right)$ বছরে = 20 বছরে।

64(d): প্রথম 9টি মৌলিক সংখ্যা যথাক্রমে 2, 3, 5, 7, 11, 13, 17, 19, 23 প্রথম 9টি মৌলিক সংখ্যার গড় = $\frac{(2+3+5+7+11+13+17+19+23)}{9} = \frac{100}{9} = 11\frac{1}{9}$.

65(d): x, (x + 2), (x + 4), (x + 6), (x + 8)
$\frac{x+(x+2)+(x+4)+(x+6)+(x+8)}{5} = 10$
$\frac{5x+20}{5} = 10,\ \frac{5(x+4)}{5} = 10,\ x + 4 = 10, x = 6$
∴ 6, 8, 10, 12, 14.

66(a): ধরা যাক, পরপর চারটি বিজোড় সংখ্যা যথাক্রমে, x,(x + 2), (x + 4), (x + 6) = $\frac{x+(x+2)+(x+4)+(x+6)}{4} = 12$
বা, 4x + 12 = 48 বা, 4x = 36 বা, x = 9
সর্বনিম্ন সংখ্যাটি 9.

67(a): ধরা যাক, মূল বেতন x
$x + \frac{140x}{100} = 36000$ বা, $x\left(36000 \times \frac{100}{240}\right)$ টাকা
বা, x = 15000 টাকা।

68(d): সর্বোচ্চ + সর্বনিম্ন সংখ্যা = 10টি পরীক্ষাপত্রের মোট নম্বর − 8টি পরীক্ষাপত্রের মোট নম্বর = (10 × 80) − (8 × 81) = 152
সর্বনিম্ন নম্বর = 152 − সর্বোচ্চ নম্বর = 152 − 92 = 60.

69(d): মোট আপেলের 60% = 420
মোট আপেল = $\frac{420 \times 100}{60} = 700$.

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: কমল বৈদ্য

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে ভোকেশনাল কোর্সে ভর্তি



প্রি-প্রাইমারি টিচার্স ট্রেনিং, সাইকোলজিক্যাল কাউন্সেলিং, টেলরিং ও ড্রেস ডিজাইনিং-সহ মোট সাতটি বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। এটি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষাকেন্দ্র। কোর্সের মেয়াদ ৬ মাস থেকে ২ বছর। কোর্সগুলি করানো হবে বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্টাডি সেন্টারগুলিতে।

কোর্সগুলির বিবরণ: **ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন-মন্টেসরি** (ডি পি টি ই-এম): শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৮,০০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সেলিং:** শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল সায়েন্স (সিভিক্স/ পলিটিক্যাল সায়েন্স/ হিস্ট্রি/ জিওগ্রাফি/ সোশিওলজি/এডুকেশন) বা ফিজিক্যাল সায়েন্স বা লাইফ সায়েন্সে স্নাতক অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এম বি বি এস বা বি এইচ এম এস বা বি এ এম এস বা বি ইউ এম এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ১৮,০০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ১২,০০০ টাকা।

পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন নিডল ওয়ার্ক অ্যান্ড নিটিং: শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। কোর্স ফি: ১৫,০০০ টাকা।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ফ্রন্ট অফিস ম্যানেজমেন্ট:** শিক্ষাগত যোগ্যতা: যে- কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৩০,০০০ টাকা।

**ডিপ্লোমা ইন ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৫,০০০ টাকা।

**ভোকেশনাল কোর্সেস অন টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং: বেসিক কোর্স:** শিক্ষাগত যোগ্যতা: অন্তত ক্লাস এইট। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ৩,০০০ টাকা। **অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ১ বছর। কোর্স ফি: ৬,০০০ টাকা। **অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ: ২ বছর। কোর্স ফি: ২১,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারগুলি থেকে। কোর্স ফি ছাড়াও রেজিস্ট্রেশন ফি এবং বার্ষিক উন্নয়ন ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা।

আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন।

কোর্স অনুসারে স্টাডি সেন্টারগুলির ঠিকানা-সহ তালিকা এবং অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in

# বায়োফার্টিলাইজার টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



বায়োফার্টিলাইজার টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে দক্ষিণ ২৪ পরগনার নিমপিঠের শ্রীরামকৃষ্ণ আশ্রমের বিবেকানন্দ ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি। কোর্সটি কলকাতা বিশ্ববিদ্যালয় দ্বারা অনুমোদিত। কোর্স শুরু হবে জুলাইয়ে।

আসনসংখ্যা: ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক।

এক বছর মেয়াদের কোর্সটিতে পড়ানো হবে এই সব বিষয়: প্লান্ট নিউট্রিশন, এগ্রিকালচারাল মাইক্রোবায়োলজি, সয়েল অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট, বায়োফার্টিলাইজার টেকনোলজি, অর্গানিক ফার্টিলাইজার ইত্যাদি।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vibsran.org আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ ডিমান্ড ড্রাফ্ট বা এন ই এফ টি-র মাধ্যমে দিতে হবে ২৫০ টাকা। পূরণ করা আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৫ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের সরকারি হাসপাতালে ৭২৫ মেডিক্যাল টেকনোলজিস্ট

*প্রথম পাতার পর*

৭২৫টি (সাধারণ ৩৭৩, তফসিলি জাতি ১৬২, তফসিলি উপজাতি ৪৩, ও বি সি-এ ৭২, ও বি সি-বি ৫২, দৈহিক প্রতিবন্ধী ২৩)। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল স্বীকৃত কোনও প্রতিষ্ঠান বা পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে ল্যাবরেটরি টেকনোলজিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা ব্যাচেলর্স ডিগ্রি। অথবা বি এসসি (পিওর/ বায়ো) এবং সঙ্গে ল্যাবরেটরি টেকনোলজিতে ১ বছর মেয়াদের ডিপ্লোমা।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ২১ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা এবং কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে), উচ্চমাধ্যমিক ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার মার্কশিট (৮০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় লগ ইন আই ডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর পি এস)-এ অংশগ্রহণকারী যে-কোনও ব্যাঙ্কের মাধ্যমে ফি জমা দিতে হবে (হেড অব অ্যাকাউন্ট: ০০৫১-০০-১০৪-০০২-১৬)। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে দরখাস্ত পূরণ করতে হবে। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ১৮ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্বল্পখরচে কলকাতা বিশ্ববিদ্যালয়ে চাকরি-সহায়ক প্রযুক্তির প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** তথ্যপ্রযুক্তি, রোবোটিক্স, অটোমোবাইল, স্বাস্থ্য ক্ষেত্রে ব্যবহার্য অত্যাধুনিক নানা সরঞ্জাম তৈরির শিল্পে এখন আই ও টি (ইন্টারনেট অব থিংস) প্রযুক্তির বহুল ব্যবহার ঘটছে। একথা মাথায় রেখেই বিজ্ঞান-প্রযুক্তির ছাত্রছাত্রীদের জন্য আই ও টি প্রযুক্তির তিনটি ক্ষেত্রে প্রশিক্ষণ দিতে এগিয়ে এসেছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের তথ্যপ্রযুক্তি বিভাগ। আই আই এম কলকাতার সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে।

প্রশিক্ষণের তিন ক্ষেত্র: (১) অ্যানড্রয়েড, (২) আরডুইনো, (৩) রাস্পবেরি পি আই। প্রত্যেকটিই তিন মাসের সার্টিফিকেট কোর্স। সার্টিফিকেট দেবে কলকাতা বিশ্ববিদ্যালয়।

বিশ্ববিদ্যালয়ের টেকনোলজি বিভাগের ডিন প্রফেসর অম্লান চক্রবর্তী জানিয়েছেন, ভারত সরকারের ইলেক্ট্রনিক্স ও ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রকের সহায়তায় কলকাতা বিশ্ববিদ্যালয় 'ওপেন হার্ডওয়্যার বেসড কমিউনিকেবল ডিজিটাল বায়ো সেন্সিং প্ল্যাটফর্ম' নামের একটি প্রকল্প রূপায়িত করছে। এই প্রকল্পের অঙ্গ হিসেবে বিজ্ঞান-প্রযুক্তির ছাত্রছাত্রীদের অত্যাধুনিক প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির জন্য স্বল্পমেয়াদি তিনটি কোর্সে প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান, প্রশিক্ষিতরা ইনফর্মেশন কমিউনিকেশন-সহ বিভিন্ন শিল্পে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে কাজের ক্ষেত্রে এগিয়ে থাকবেন।

বি টেক, এম টেক, বি সি এ, এম সি এ, বি এসসি, এম এসসি ডিগ্রিধারী ছাত্রছাত্রী এবং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ট্রেনিংয়ের জন্য কোনও ফি লাগবে না। রেজিস্ট্রেশন এবং প্রোজেক্টের জন্য অল্প খরচ লাগবে। প্রশিক্ষণ শুরু হবে জুনেই।

আগ্রহীরা নাম নথিভুক্ত করার জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: প্রোজেক্ট অফিস, ১০১এ, মানিকতলা মেন রোড, কলকাতা-৭০০ ০৫৪।

তথ্যের জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রাম কো-অর্ডিনেটর অর্পিতা কাঞ্জিলালের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৯০৩৮-০৭২৬৫।

# ট্রেনিং দিয়ে বরোদা ব্যাঙ্কে ৬০০

*প্রথম পাতার পর*

৩০৩, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬২)। সরকারি নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ স্নাতক।

**বয়স:** ২-৭-২০১৮ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ ৩-৭-১৯৯০ থেকে ২-৭-১৯৯৮-এর মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**কোর্স ফি:** ৩ লক্ষ ৪৫ হাজার টাকা। ব্যাঙ্ক অব বরোদা থেকেই শিক্ষাঋণ পাওয়া যাবে। কোর্স শেষের পর ৭ বছরে ঋণ শোধ করতে হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা, সাইকোমেট্রিক টেস্ট, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৮ জুলাই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা, আসানসোল, বর্ধমান, বহরমপুর, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী এবং শিলিগুড়ি।

লিখিত পরীক্ষায় প্রশ্ন আসবে রিজনিং ও কম্পিউটার অ্যাপ্টিটিউড (৭৫ নম্বর), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩৫ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। এর সঙ্গে থাকবে ৫০ নম্বরের ডেসক্রিপটিভ ইংরেজি (লেটার রাইটিং ও এসে রাইটিং)। মোট সময়সীমা ৩ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ১৮ জুলাই থেকে পরীক্ষার কললেটার ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.bankofbaroda.com

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২ জুলাই। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড (মাস্টার বা ভিসা বা রুপে বা মায়েস্ত্রো) বা নেট ব্যাঙ্কিং বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেট বা আই এম পি এস-এর মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে সাবমিট করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে। দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের একটি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য ফায়ার সার্ভিসে ১৪৫২ ফায়ার অপারেটর

*প্রথম পাতার পর*

পার্বত্য উপজাতির প্রার্থীরা উচ্চতায় ৩ ইঞ্চি ছাড় পাবেন। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৩২ ও ৩৪ ইঞ্চি। বয়স: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছর। বয়সে পশ্চিমবঙ্গের তফসিলিরা ৫ এবং ও বি সি প্রার্থীরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদনের যোগ্য। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। খেলোয়াড় নিয়োগ করা হবে খেলাধুলার এইসব ডিসিপ্লিন থেকে: অ্যাথলেটিক্স-ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-সহ, ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং, কবাডি এবং খো-খো।

প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৫ সেপ্টেম্বর। লিখিত পরীক্ষা হবে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। দার্জিলিং জেলার তফসিলি উপজাতি প্রার্থী এবং দার্জিলিং সদর, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা শুধুমাত্র দার্জিলিং পরীক্ষাকেন্দ্রেই হবে। কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষা নেওয়া হবে কালিম্পং কেন্দ্রে। লিখিত পরীক্ষার কেন্দ্রগুলি হল: (ব্র্যাকেটে কোড নম্বর): কলকাতা-উত্তর (০১), কলকাতা-দক্ষিণ (০২), বারুইপুর (০৩), ডায়মন্ড হারবার (০৪), ব্যারাকপুর (০৫), বারাসাত (০৬), কৃষ্ণনগর (০৭), হাওড়া (০৮), চুঁচুড়া (০৯), বর্ধমান (১০), আসানসোল (১১), পুরুলিয়া (১২), মেদিনীপুর (১৩), তমলুক (১৪), ঝাড়গ্রাম (১৫), বাঁকুড়া (১৬), সিউড়ি (১৭), বহরমপুর (১৮), মালদা (১৯), বালুরঘাট (২০), রায়গঞ্জ (২১), জলপাইগুড়ি (২২), আলিপুরদুয়ার (২৩), কোচবিহার (২৪), শিলিগুড়ি (২৫), কালিম্পং (২৬) এবং দার্জিলিং (২৭)।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের দৈহিক মাপজোক, দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্ট নেওয়া হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৫ মিনিটে ১ কিলোমিটার দৌড়, ২০ সেকেন্ডে একটি নির্দিষ্ট মাপের মই বেয়ে ওঠা, ১ মিনিটে তিন তলা বাড়ির সিঁড়ি বেয়ে ওঠা, ১.২২ মিটার হাইজাম্প, শুধু হাতের সাহায্যে ১ মিনিটে দড়ি ধরে ওঠা এবং একটি ৬৩.৫ কেজি ওজনের বালির বস্তা বহন করে ৫০ মিটার দূরত্ব অতিক্রম। এর মধ্যে অন্তত চারটি ক্ষেত্রে প্রার্থীকে উত্তীর্ণ হতে হবে। এই পরীক্ষাগুলি নেওয়া হবে কলকাতায়।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwb application.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও কালো কালিতে করা সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১১০ টাকা। সার্ভিস চার্জ অতিরিক্ত। অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে ব্যাঙ্ক চালানের মাধ্যমে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ জুলাই। সেক্ষেত্রে ৩ জুলাইয়ের মধ্যে চালানের প্রিন্ট আউট নিয়ে নিতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: ৪০০৩-৫১০৪ (অনলাইন ফিয়ের বিষয়ে), ২২৬২-৪১৮১ (অফলাইন ফিয়ের বিষয়ে)। হেল্প ডেস্ক: ৯৮৩৬২-১৯৯৯৪, ৯৮৩৬২-৮৯৯৯৪ এবং ৯১২৩৯-৭১৭৪৭।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গ্রামীণ ব্যাঙ্কে ৫৭৫৫ অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

চাকরি পেতে আগ্রহীদের আই বি পি এস-এর এই অনলাইন পরীক্ষায় সফল হতে হবে। পরীক্ষায় সফলরা স্কোর কার্ড পাবেন। এই স্কোর কার্ড বৈধ থাকবে ইস্যু হওয়ার তারিখ থেকে ১ বছর।

মনে রাখবেন, গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে যে-রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের শূন্যপদে দরখাস্ত করবেন, সেই এলাকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে সেই ভাষা পড়ে থাকতে হবে। অবশ্য যাঁরা স্থানীয় ভাষা জানেন না, তাঁরাও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে কাজে নিয়োগের ৬ মাসের মধ্যে তাঁদের সংশ্লিষ্ট ভাষায় দক্ষ হয়ে উঠতে হবে। আর আর বি বোর্ডের অনুমতিক্রমে এই মেয়াদ বাড়তে পারে। বাংলা, ইংরেজি, হিন্দি, উর্দু এবং সংস্কৃত জানা থাকলে যেসব গ্রামীণ ব্যাঙ্কের শূন্যপদে আবেদন করতে পারবেন, এখানে কেবল সেই ৫,৭৫৫টি শূন্যপদের কথা বিশদে জানানো হল।

আই বি পি এসের এক্তিয়ার-ভুক্ত ৫৬টি গ্রামীণ ব্যাঙ্কের মধ্যে পশ্চিমবঙ্গের তিনটি গ্রামীণ ব্যাঙ্ক রয়েছে। এগুলি হল: বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক (মুর্শিদাবাদ), পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক (হাওড়া), উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাঙ্ক (কোচবিহার)। কিন্তু এবারের পরীক্ষার জন্য শুধুমাত্র পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্টের শূন্যপদ রয়েছে। এই ব্যাঙ্ক ছাড়া অফিস অ্যাসিস্ট্যান্ট, অফিসার স্কেল-১ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার), অফিসার স্কেল-২ (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) ও অফিসার স্কেল-৩ পদের ক্ষেত্রে অসমের লাংপি দেহাঙ্গি রুরাল ব্যাঙ্কে (দিফু) আবেদন করতে পারবেন, সেখানকার অন্যতম স্থানীয় ভাষা বাংলা। এছাড়া ইংরেজি স্থানীয় ভাষা হিসেবে গ্রাহ্য অরুণাচল প্রদেশ রুরাল ব্যাঙ্ক (নাহারলাগুন) ও নাগাল্যান্ড রুরাল ব্যাঙ্কে (কোহিমা)। ফলে পশ্চিমবঙ্গের প্রার্থীরা এই ব্যাঙ্কগুলিতেও আবেদন করতে পারবেন। পাশাপাশি, হিন্দি স্থানীয় ভাষা হিসেবে গ্রাহ্য, এমন গ্রামীণ ব্যাঙ্কগুলি হল: এলাহাবাদ ইউ পি গ্রামীণ ব্যাঙ্ক (বান্দা), বরোদা রাজস্থান ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাঙ্ক (আজমের), বরোদা ইউ পি গ্রামীণ ব্যাঙ্ক (রায়বরেলি), বিহার গ্রামীণ ব্যাঙ্ক (বেগুসরাই), সেন্ট্রাল মধ্যপ্রদেশ গ্রামীণ ব্যাঙ্ক (ছিন্দওয়াড়া), ছত্তিশগড় রাজ্য গ্রামীণ ব্যাঙ্ক (রায়পুর), এলাকুয়াই দেহাতি ব্যাঙ্ক (শ্রীনগর), গ্রামীণ ব্যাঙ্ক অব আর্যাবর্ত (লখনউ), হিমাচল প্রদেশ গ্রামীণ ব্যাঙ্ক (মান্ডি), ঝাড়খণ্ড গ্রামীণ ব্যাঙ্ক (রাঁচি), কাশী গোমতী সংযুক্ত গ্রামীণ ব্যাঙ্ক (বারাণসী), মধ্য বিহার গ্রামীণ ব্যাঙ্ক (পাটনা), মধ্যাঞ্চল গ্রামীণ ব্যাঙ্ক (সাগর), নর্মদা ঝাবুয়া গ্রামীণ ব্যাঙ্ক (ইন্দোর), প্রথমা ব্যাঙ্ক (মোরাদাবাদ), পূর্বাঞ্চল ব্যাঙ্ক (গোরখপুর), রাজস্থান মরুধরা গ্রামীণ ব্যাঙ্ক (যোধপুর), সর্ব হরিয়ানা গ্রামীণ ব্যাঙ্ক (রোহতক), সর্ব ইউ পি গ্রামীণ ব্যাঙ্ক (মিরাট), উত্তর বিহার গ্রামীণ ব্যাঙ্ক (মুজফফরপুর), উত্তরাখণ্ড গ্রামীণ ব্যাঙ্ক (দেরাদুন), বনাঞ্চল গ্রামীণ ব্যাঙ্ক (দুমকা)। এর মধ্যে এলাহাবাদ ইউ পি গ্রামীণ ব্যাঙ্ক ও বরোদা ইউ পি গ্রামীণ ব্যাঙ্কে উর্দু ও সংস্কৃত, এলাকুয়াই দেহাতি ব্যাঙ্কে উর্দু ও উত্তরাখণ্ড গ্রামীণ ব্যাঙ্কে সংস্কৃতও স্থানীয় ভাষা হিসেবে স্বীকৃত।

**পদ ও ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: অফিস অ্যাসিস্ট্যান্ট: পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৬৪টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ১২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **লাংপি দেহাঙ্গি রুরাল ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**অফিসার স্কেল-১ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার): লাংপি দেহাঙ্গি রুরাল ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**অফিসার স্কেল-২ (জেনারেল ব্যাঙ্কিং অফিসার): লাংপি দেহাঙ্গি রুরাল ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**অফিসার স্কেল-৩: লাংপি দেহাঙ্গি রুরাল ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ২টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা: অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদের ক্ষেত্রে:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কের শূন্যপদের জন্য আবেদন করবেন, সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**অফিসার স্কেল-ওয়ান (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার) পদের ক্ষেত্রে:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল। তবে এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটিতে স্নাতক হলে অগ্রাধিকার। কম্পিউটার জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। সঙ্গে যে-এলাকার ব্যাঙ্কে নিয়োগ পেতে চান সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে এবং অষ্টম শ্রেণিতে একটি বিষয় হিসেবে পড়ে থাকতে হবে।

**অফিসার স্কেল-টু (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) পদের ক্ষেত্রে:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ব্যাঙ্কিং, ফিনান্স, মার্কেটিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটিতে স্নাতক হলে অগ্রাধিকার। সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা।

**অফিসার স্কেল-টু (স্পেশ্যালিস্ট অফিসার) পদের ক্ষেত্রে: আই টি অফিসার:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি— যে-কোনও একটিতে স্নাতক বা সমতুল। এ এস পি, পি এইচ পি, সি++, জাভা, ভি বি, ভি সি, ও সি পি ইত্যাদি কম্পিউটার-সংক্রান্ত সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট:** ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া থেকে সার্টিফায়েড অ্যাসোসিয়েট (সি এ)। সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **ল অফিসার:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ আইনে স্নাতক বা সমতুল। সঙ্গে ওকালতি অথবা কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে ল অফিসার হিসেবে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **মার্কেটিং অফিসার:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মার্কেটিংয়ে এম বি এ ডিগ্রি। সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতাথাকতে হবে। **ট্রেজারি ম্যানেজার:** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **এগ্রিকালচারাল অফিসার:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচার, হর্টিকালচার, ডেয়ারি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ফরেস্ট্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার— যে-কোনও একটি বিষয়ে স্নাতক বা সমতুল। সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**অফিসার স্কেল-থ্রি (সিনিয়র ম্যানেজার) পদের ক্ষেত্রে:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও বিষয়ে স্নাতক বা সমতুল। ব্যাঙ্কিং, ফিনান্স, মার্কেটিং, এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, পিসিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, ল, ইকনমিক্স ও অ্যাকাউন্ট্যান্সি— যে-কোনও একটি বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে অফিসার হিসেবে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৬-২০১৮ তারিখে অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অফিসার স্কেল-টু পদের ক্ষেত্রে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। অফিসার স্কেল-থ্রি পদের ক্ষেত্রে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলিরা ৫ বছর, ও বি সিরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা, ডিভোর্সি এবং আইনত বিবাহবিচ্ছিন্না মহিলারা শুধুমাত্র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

**লিখিত পরীক্ষার ধরনধারণ:** প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে দু'পর্যায়ে। অফিসার স্কেল-টু ও থ্রি-র ক্ষেত্রে একটিই পরীক্ষা হবে। অফিস অ্যাসিস্ট্যান্ট এবং অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষা হবে যথাক্রমে ১৯ ও ২৫ অগস্ট এবং ১ সেপ্টেম্বর (কর্তৃপক্ষ মনে করলে) এবং ১১, ১২ ও ১৮ অগস্ট (কর্তৃপক্ষ মনে করলে)। মেন পরীক্ষা হবে অফিসার পদের ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৭ অক্টোবর।

**প্রিলিমিনারি** অনলাইন পরীক্ষায় অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) ও অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে থাকবে ৪০ নম্বরের রিজনিং ও ৪০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি। সময় ৪৫ মিনিট।

**মেন** পরীক্ষায় অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদের ক্ষেত্রে থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের নিউমেরিক্যাল এবিলিটি, ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা।

অফিসার স্কেল-ওয়ান পদের লিখিত পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ৪০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা।

অফিসার স্কেল-টু (জেনারেল ব্যাঙ্কিং অফিসার) পদের ক্ষেত্রে থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, ৪০ নম্বরের ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা।

অফিসার স্কেল-টু (স্পেশ্যালিস্ট ক্যাডার) পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বরের রিজনিং, ৪০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, ৪০ নম্বরের ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ২০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ, ২০ নম্বরের কম্পিউটার নলেজ এবং ৪০ নম্বরের প্রফেশনাল নলেজ বিষয়ে প্রশ্ন। সময় আড়াই ঘণ্টা।

অফিসার স্কেল-থ্রি পদের লিখিত পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের রিজনিং, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, ৪০ নম্বরের ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ৪০ নম্বরের ইংলিশ বা হিন্দি ল্যাঙ্গুয়েজ এবং ২০ নম্বরের কম্পিউটার নলেজ বিষয়ে প্রশ্ন। সময় দু'ঘণ্টা।

সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের একাধিক উত্তর লিখলে তাও ভুল উত্তর হিসেবে ধরা হবে। পশ্চিমবঙ্গে প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, বহরমপুর, বর্ধমান, দুর্গাপুর, আসানসোল, হুগলি, হাওড়া ও কল্যাণী এবং মেন পরীক্ষার কেন্দ্র বৃহত্তর কলকাতা ও শিলিগুড়ি।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। **অনলাইন দরখাস্ত করা যাবে ২ জুলাই পর্যন্ত।** অফিস অ্যাসিস্ট্যান্ট এবং অফিসার দু'টি পদের জন্যই আলাদা দরখাস্ত পূরণ করে ও ফি দিয়ে আবেদন করতে পারবেন। তবে অফিসার পদে যে-কোনও একটি স্কেলের জন্যই আবেদন করতে পারবেন। দরখাস্ত করার আগে নিজের ফটো, সই এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ স্ক্যান করে কম্পিউটারে রাখতে হবে। নিজের পাসপোর্ট মাপের একটি সাম্প্রতিক রঙিন ফটো (হালকা ব্যাকগ্রাউন্ডে তোলা) ২০০×২৩০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজে স্ক্যান করে কম্পিউটারে রাখবেন। একটি সাদা কাগজে কালো কালির পেনে সই এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ ১৪০×৬০ পিক্সেলে ১০ থেকে ২০ কেবি সাইজে স্ক্যান করে কম্পিউটারে রাখবেন। সেইসঙ্গে নিজের হাতে লেখা এই ঘোষণাটিও স্ক্যান করে আপলোড করতে হবে— 'I ____ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required.'

ফটো, আঙুলের ছাপ, সই-সহ যাবতীয় নথিপত্র ২০০ ডি পি আই স্ক্যানার রেজলিউশনে ট্রু-কালারে স্ক্যান করে জে পি জি বা জে পি ই জি ফর্ম্যাটে সেভ করবেন আলাদা আলাদা ফাইলে।

এরপর অনলাইনে দরখাস্তের বয়ান পূরণ করে তা অনলাইনেই 'সাবমিট' করবেন। দরখাস্ত গৃহীত হলে একটি রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাবেন। এগুলি টুকে রাখবেন। এরপর পূরণ করা দরখাস্তটির একটি প্রিন্ট আউট নেবেন। এই প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

**ফি প্রদান:** ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

# রাজ্য সরকারের বন দপ্তরে ১৮২

*প্রথম পাতার পর*

পরীক্ষা নেওয়া হবে শুধুমাত্র দার্জিলিং পরীক্ষাকেন্দ্রে। তবে মেন পরীক্ষা সব প্রার্থীর ক্ষেত্রেই কলকাতায় হবে। পার্সোন্যালিটি টেস্ট হবে কমিশনের অফিসে।

শূন্যপদের বিবরণ: ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস: ১৭২টি (সাধারণ ৮০, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ৯, বি সি-এ ২৩, বি সি-বি ১০, দক্ষ খেলোয়াড় ৫)। ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, বি সি-এ ১, বি সি-বি ১)।

শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় স্নাতক। স্নাতকস্তরে এই বিষয়গুলির মধ্যে যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে: বিজ্ঞান শাখার ক্ষেত্রে: এগ্রিকালচার, বটানি, কেমিস্ট্রি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স, ফরেস্ট্রি, জিওলজি, হর্টিকালচার, ম্যাথমেটিক্স, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, ভেটেরিনারি সায়েন্স, জুলজি, এনভায়রনমেন্টাল সায়েন্স। ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে: এগ্রিকালচারাল, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল।

বাংলায় পড়তে, লিখতে, বলতে জানতে হবে। তবে নেপালি যাঁদের মাতৃভাষা, তাঁদের বাংলা না জানলেও চলবে।

দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৩ সেমি (তফসিলি উপজাতি এবং গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি) ও মহিলাদের ক্ষেত্রে ১৫০ সেমি (তফসিলি উপজাতি এবং গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৪৫ সেমি)। বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে পুরুষদের ক্ষেত্রে যথাক্রমে ৮৪ সেমি ও ৮৯ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৯ সেমি ও ৮৪ সেমি।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে ২১ থেকে ৩৬ বছর এবং সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে ২১ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে।

বয়সে পশ্চিমবঙ্গের তফসিলিরা ৫ এবং বি সি প্রার্থীরা ৩ বছরের ছাড় পাবেন।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। খেলোয়াড় নিয়োগ করা হবে খেলাধুলার এইসব ডিসিপ্লিন থেকে: অ্যাথলেটিক্স-ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-সহ, ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং, কবাডি এবং খো-খো।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি এক্সামিনেশন, মেন এক্সামিনেশন, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে কোড নম্বর): কলকাতা (০১), বর্ধমান (০২), বহরমপুর (০৩), শিলিগুড়ি (০৪) এবং দার্জিলিং (০৫)। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মেন এক্সামিনেশনে থাকবে কনভেনশনাল টাইপ প্রশ্ন। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ৪ ঘণ্টায় ২৫ কিলোমিটার (মহিলাদের ক্ষেত্রে ৪ ঘণ্টায় ১৬ কিলোমিটার) হাঁটা। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। সার্ভিস চার্জ অতিরিক্ত। অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে ব্যাঙ্ক চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩ জুলাই। সেক্ষেত্রে ২ জুলাইয়ের মধ্যে চালানের প্রিন্ট আউট নিয়ে নিতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলি প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: ৪০০৩-৫১০৪ (অনলাইন ফিয়ের বিষয়ে), ২২৬২-৪১৮১ (অফলাইন ফিয়ের বিষয়ে)। হেল্প ডেস্ক: ৯৮৩৬২-১৯৯৯৪, ৯৮৩৬২-৮৯৯৯৪ এবং ৯১২৩৯-৭১৭৪৭।

## কবে কোন পরীক্ষা

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৮-র কম্বাইন্ড** জিওসায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন ২৯ জুন ও ১ জুলাই। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.upsc.gov.in

□

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৮-র ইন্ডিয়ান ইকনমিক** সার্ভিস এবং ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসেস এক্সামিনেশন ২৯ জুন। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.upsc.gov.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# তিন সামরিক বাহিনীতে ৩৮৩

*প্রথম পাতার পর*

অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৮-এর মাধ্যমে। পরীক্ষা ৯ সেপ্টেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই পরীক্ষার এক্সামিনেশন নোটিস নম্বর: 10/2018-NDA-II.

**বাহিনী অনুসারে শূন্যপদ:** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির ক্ষেত্রে মোট ৩৩৯টি (আর্মি ২০৮টি, নেভি ৩৯টি, এয়ারফোর্স ৯২টি)। ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমের ক্ষেত্রে শূন্যপদ ৪৪টি।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মি শাখার জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল ব্রাঞ্চ এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। উভয় ক্ষেত্রেই যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**জন্মতারিখ:** সব ক্ষেত্রেই জন্মতারিখ থাকতে হবে ২-১-২০০০ থেকে ১-১-২০০৩-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** আর্মি ও নেভির ক্ষেত্রে ন্যূনতম উচ্চতা হতে হবে ১৫৭ সেমি, এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। ৫ সেমি ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে অন্তত ৮১ সেমি। আর্মি ও এয়ারফোর্সের ক্ষেত্রে দৃষ্টিশক্তি ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৬ ও ৬/৯ (দূরের) থাকতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে চশমা থাকলে চলবে না এবং যাঁদের হাইপারমেট্রোপিয়া শুধু তাঁদের ক্ষেত্রেই ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। আর্মির ক্ষেত্রে মায়োপিয়া মাইনাস ২.৫ডি এবং হাইপারমেট্রোপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) প্লাস ৩.৫ডি-র মধ্যে হতে হবে। রং চেনার ক্ষমতা আর্মির ক্ষেত্রে সি পি-থ্রি (ডিফেকটিভ সেফ) এবং নেভি ও এয়ারফোর্সের ক্ষেত্রে সি পি ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬। মায়োপিয়া মাইনাস ০.৭৫ এবং হাইপারমেট্রোপিয়া প্লাস ১.৫-এর মধ্যে থাকতে হবে। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি এবং নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল। এয়ারফোর্সে পাইলটের জন্য বিবেচিত হওয়ার ক্ষেত্রে পায়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৯৯ সেমি (সর্বোচ্চ ১২০ সেমি), থাইয়ের দৈর্ঘ্য হতে হবে সর্বাধিক ৬৪ সেমি এবং বসে থাকা অবস্থায় উচ্চতা চাই অন্তত ৮১.৫ সেমি (সর্বোচ্চ ৯৬ সেমি)।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স (কোড ০১), জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি বিষয়ের ক্ষেত্রেই সময়সীমা আড়াই ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। কোড ০১-এ থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডায়মেনশনস, ডিফারেন্সিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেন্সিয়াল ইক্যুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। কোড ০২-এর পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে।

লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

নির্বাচিত প্রার্থীদের প্রথমে ৩ বছরের ট্রেনিং দেওয়া হবে। প্রথম আড়াই বছরের ট্রেনিং সবার ক্ষেত্রে একই। সফলরা জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বি এসসি বা বি এসসি (কম্পিউটার) বা বি টেক (এয়ারফোর্স এবং নেভির ক্ষেত্রে) বা বি এ ডিগ্রি পাবেন। এরপর উইং অনুসারে বিশেষ ট্রেনিং দেওয়া হবে যথাক্রমে আর্মির জন্য দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে, নেভির জন্য এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে এবং এয়ারফোর্সের জন্য হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে। ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমের আওতায় প্রশিক্ষণপ্রাপ্তরা সফলভাবে ট্রেনিং শেষে বি টেক ডিগ্রি পাবেন।

পেশাদারি ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। নিয়োগ হলে শুরুতে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

কেবল অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২ জুলাই। দু'টি পার্টে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইনে আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপিজি ফর্ম্যাটে ৩-৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (জেপিজি ফর্ম্যাটে ১-৪০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ নগদ ১০০ টাকা জমা দিতে হবে পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। পে-ইন-স্লিপ ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন ব্যাঙ্কে গিয়ে নগদে ফি জমা দেবেন। এই স্লিপ ডাউনলোড করার শেষ তারিখ ১ জুলাই। অথবা অনলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিং পরিষেবার মাধ্যমে অথবা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফসিলিদের এবং কর্মরত সৈনিক, প্রাক্তন জুনিয়র কমিশন্ড অফিসার, নন-কমিশন্ড অফিসার এবং আর্মির অন্যান্য র‍্যাঙ্কের কর্মী এবং নেভি ও এয়ারফোর্সের সমতুল র‍্যাঙ্কের কর্মীদের সৈনিক স্কুলে পাঠরত ছেলেদেরও ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: http://www.upsc.gov.in অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩৩৮-৫২৭১/১১২৫ (কাজের দিন বেলা ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)।

# ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে ১২৮ ট্রেড অ্যাপ্রেন্টিস

১২৮ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে কোচির ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড। এটি ভারতীয় নৌবাহিনীর অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা আগে অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে কোনও সরকারি বা বেসরকারি ট্রেনিং নিয়েছেন, তাঁরা আর আবেদন করবেন না।

**ট্রেড অনুসারে আসনসংখ্যা:** **মেশিনিস্ট:** ৯টি, **ইনস্ট্রুমেন্ট মেকানিক:** ৫টি, **ফিটার:** ১৫টি, **রেফ্রিজারেশন এয়ার কন্ডিশনিং মেকানিক:** ৮টি, **ইলেক্ট্রোপ্লেটার:** ৪টি, **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ১২টি, **পেইন্টার (জেনারেল):** ৮টি, **ইলেক্ট্রিশিয়ান:** ১৬টি, **ইলেক্ট্রনিক মেকানিক:** ১৩টি, **টার্নার:** ৬টি, **কম্পিউটার অপারেশন অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ১৯টি, **মেকানিক (মোটর ভেহিক্যাল):** ৬টি। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

**প্লাম্বার:** ৫টি, **ফাউন্ড্রিম্যান:** ২টি। ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর।

নিয়মানুসারে বিভিন্ন ক্যাটেগরির প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। **বয়স:** ১-১০-২০১৮ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫০ সেমি। বুকের ছাতি: ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন: অন্তত ৪৫ কেজি। দৃষ্টিশক্তি: ৬/৬ থেকে ৬/৯ (চশমা-সহ ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য)।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ নেওয়া হবে।

ট্রেনিং শুরু হবে ১৫ অক্টোবর।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর ৭ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন এবং ফটোটি কোনও গেজেটেড অফিসার বা আই টি আই কলেজের প্রধান দ্বারা প্রত্যয়িত করিয়ে নেবেন। বাকি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়সের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেট। ✓আর্মি বা ডিফেন্স সিভিলিয়ান বা ডকইয়ার্ডে কর্মরত ব্যক্তিদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। ✓ ক্যারেক্টার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। ✓প্যান এবং আধার কার্ডের প্রত্যয়িত নকল।

২৪ জুলাইয়ের মধ্যে ডাকে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Admiral Superintendent, Officer-in-Charge, Apprentices Training School, Naval Ship Repair Yard, Naval Base, Kochi-682 004.

*দরখাস্তের বয়ান:*

**APPLICATION FORMAT**

**Regn No.** ☐
**(for Office use only)**

**ENROLMENT OF DESIGNATED TRADE APPRENTICES UNDER APPRENTICESHIP ACT (1961)**
**APPRENTICE TRAINING SCHOOL, NAVAL SHIP REPAIR YARD**
**KOCHI – 682004**

Affix Photo Here (Attested by Gazetted Officer or ITI Principal

(a) Trade applied for ______
(b) Name of Applicant ______
(As per SSC/Matric Certificate)
(c) Sex Male ☐ Female ☐
(d) Father's Name (As per SSC/Matric Certificate): ______
(e) Date of Birth (As per SSC/Matric Certificate): ______
(f) Educational/ Professional Qualifications: ______

| Examination Passed | Year of Passing | Max Marks | Marks obtained | % of marks |
|---|---|---|---|---|
| SSC/Matriculation | | | | |
| ITI (theory) | | | | |
| ITI (Practical) | | | | |

(g) Name of the ITI with Address ______
(h) Category of Community: SC ☐ ST ☐ OBC ☐ GEN ☐
(i) Whether Physically Challenged Yes ☐ No ☐
(j) Whether Son/daughter of Armed Forces Personnel/Ex-serviceman Yes ☐ No ☐
(k) Whether son/daughter of Defence Civilian/Naval Dockyard Employees Yes ☐ No ☐
(l) Address for Correspondence; ______
PIN ☐☐☐☐☐☐
(m) Mobile/Landline Nos with code: ______
(n) Nearest Railway Station: ______
(o) Active e-mail ID of candidates (compulsory): ______

I hereby solemnly and sincerely affirm that the particulars furnished above are true and correct

**Date:** **Signature of the Applicant**

# কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর CRPD/CR/2017-18/10** অনুসারে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় জুনিয়র অ্যাসোসিয়েট (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) পদে নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষা ২৩, ২৪ ও ৩০ জুন। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.sbi.co.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নৌবাহিনীতে স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট

ট্রেনিং দিয়ে বেশ কিছু স্টুয়ার্ড, শেফ ও হাইজিনিস্ট নেবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দেওয়া হবে ম্যাট্রিক রিক্রুটস-এপ্রিল ২০১৯ ব্যাচে। ট্রেনিং শুরু হবে ২০১৯-এর এপ্রিলে। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। খেলাধুলা ও সাঁতারে আগ্রহ থাকলে অগ্রাধিকার। **বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৮ থেকে ৩১-৩-২০০২-এর মধ্যে। **দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি: শেফ ও স্টুয়ার্ড পদের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা-সহ ভালো চোখে ৬/৯, খারাপ চোখে ৬/১২। হাইজিনিস্ট পদের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০, চশমা-সহ ভালো চোখে ৬/৯, খারাপ চোখে ৬/২৪।

লিখিত পরীক্ষা এবং শারীরিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে সেপ্টেম্বর-অক্টোবর মাসে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও সায়েন্স বিষয়ে। সময়সীমা ৩০ মিনিট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট-আপ (ওঠ-বোস), ১০টি পুশ-আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন (প্রিলিমিনারি)। গোটা প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ১-২ দিন ধরে। চূড়ান্ত সফল প্রার্থীদের তালিকা অগস্টে প্রকাশিত হবে এই ওয়েবসাইটে: www.joinindiannavy. gov.in ট্রেনিং শুরু হবে আই এন এস চিলিকায়। প্রথমে ১৫ সপ্তাহের বেসিক ট্রেনিং। তার পর প্রফেশনাল ট্রেনিং হবে বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে। অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ জুন থেকে ১ জুলাই পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর নীল রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা ফটো (৬০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ASUTOSH COLLEGE TRAINING CENTRE
10, Basanta Bose Rd, Kol -26,
Ph: (033) 2455 4599 / 2486 3782, 12 Noon. to 4 P.M.
ADMISSION NOTICE '18-19
Applications are invited for admission in
1½ years ADVANCED DIPLOMA IN INDUSTRIAL SAFETY
for Engg. Graduates/ Engg. Diploma / B. Sc. (Pure), backed up by resourceful and advanced mode of teaching for 3-days/ week (Thu, Fri, Sat)
Affiliated to: WBSCT & VE & Skill Development

WBCS • WBJS
BANK • SSC • RLY
CAT • MAT • JECA
JEXPO Campus Placement
TARGET
SEALDAH : 9830461694
www.target-education.org

BANK
COMBINED
SSC, PSC, RAIL, CGL, GROUP-D
লক্ষাধিক শূন্যপদে পরীক্ষা দিয়ে নিশ্চিত সরকারি চাকরি পেতে কম খরচে এখানকার গ্যারান্টি কোর্সে উঃ মাধ্যমিক/গ্র্যাজুয়েটরা এখনই ভর্তি হয়ে ক্লাস শুরু করুন। ক্লাস: শনি ও রবি। Till Success Facility.
INDIAN INSTITUTE OF BANKING & SERVICES (IIBS), Estd.-1987, BALLYGUNGE
2461-0361, 98317 89536
www.iibskolkata.com

GNM, B.Sc. Nursing এ ভর্তি চলছে
INC, KSNC অনুমোদিত কলেজ
GNM / BSC NURSING STUDENT রা LAST YEAR PRACTICE PERIOD এ 10000/15000 Monthly REMUNERATION পাবে (100%)।
100% Placement



BDS MISSION
Rekha Apartment, Balia More, Garia Stn. Road, Kol-84
M.: 9474753825 / 7890022334



GNM / BSC Male
নার্সিং-এ সরাসরি ভর্তি চলছে

কেন্দ্রীয় সরকার স্বীকৃত জনস্বাস্থ্য পরিষেবার কোর্স করে অফিসার পদে চাকরি করুন
পূর্ব ভারতের একমাত্র প্রতিষ্ঠান IIHT তে স্যানিটারি ইনস্পেক্টরের (হসপিটাল ও হেলথ ম্যানেজমেন্ট) এক বছরের ডিপ্লোমা কোর্স করানো হচ্ছে। চাকরির সুযোগ - বিভিন্ন সরকারি, আধা সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে। যোগ্যতা - উচ্চমাধ্যমিক।
যোগাযোগ - IIHT, 226 B.B Ganguly Street, Bowbazar, Kolkata - 700012.
Web : - www.iiht.biz M - 8017040262 / 9836396734

B.Ed @ 3000/-
D.El.Ed @ 4000/-
• FREE BOOKS
FOR WORKING NURSES
G.N.M
A.N.M
B.Sc Nursing



Admission Going On
IASBM 9073386337 / 9231866225